তুমিই এসব বহাল রাখ। সকল প্রশংসা তোমার জন্য, আসমান-জমিন ও এর মাঝে যা কিছু আছে তুমিই এর মালিক। সকল প্রশংসা তোমার জন্য, আসমান-জমিন ও এর

الْحَمْدُ اَنْتَ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَنْ فِيْهِنَّ وَلَكَ الْحَمْدُ اَنْتَ

মাঝে যা কিছু আছে তুমিই এর আলো। সকল প্রশংসা তোমার জন্য, তুমি সত্য,

الْحَقُّ وَوَعْدُكَ حَقٌّ وَّلِقَآؤُكَ حَقٌّ وَّقَوْلُكَ حَقٌّ وَّالْجَنَّةُ حَقٌّ وَّالنَّارُ

তোমার ওয়াদা সত্য, তোমার সাক্ষাত সত্য, তোমার বাণী সত্য, জান্নাত সত্য, জাহান্নাম

حَقٌّ وَّالنَّبِيُّوْنَ حَقٌّ وَّمُحَمَّدٌ رَسُوْلُ اللّٰهِ حَقٌّ وَّالسَّاعَةُ حَقٌّ،

সত্য, তোমার সকল নবী সত্য, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সত্য এবং

اَللّٰهُمَّ لَكَ اَسْلَمْتُ وَبِكَ اٰمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَاِلَيْكَ اَنَبْتُ وَبِكَ

কেয়ামত সত্য। হে আল্লাহ! আমি তোমারই নিকট আত্মসমর্পণ করেছি। তোমারই প্রতি ঈমান এনেছি। তোমারই উপর ভরসা করেছি। তোমারই দিকে প্রত্যাবর্তন করেছি।

خَاصَمْتُ وَاِلَيْكَ حَاكَمْتُ وَاَنْتَ رَبُّنَا وَاِلَيْكَ الْمَصِيْرِ فَاغْفِرْ لِىْ مَا

তোমারই সাহায্যে (শত্রু সনে) যুঝিয়েছি। তোমারই নিকট বিচার প্রার্থনা করেছি। তুমি আমাদের প্রতিপালক এবং তোমার কাছে (কেয়ামতে) ফিরে যাব। এজন্য আমার সমস্ত

قَدَّمْتُ وَمَآ اَخَّرْتُ وَمَآ اَسْرَرْتُ وَمَآ اَعْلَنْتُ وَمَآ اَسْرَفْتُ وَمَآ اَنْتَ

গুনাহ ক্ষমা করো যা আমি পূর্বে করেছি এবং যা আমি পরে করেছি। যা আমি অপ্রকাশ্যে করেছি এবং যা আমি প্রকাশ্যে করেছি। আমি যে অন্যায় করেছি তা তুমি আমার চেয়ে

اَعْلَمُ بِهٖ مِنِّیْ، اَنْتَ الْمُقَدِّمُ وَاَنْتَ الْمُؤَخِّرُ لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ وَلَا حَوْلَ

বেশি জান। তুমিই অগ্রগামী করো এবং তুমিই পশ্চাতগামী করো। তুমি ব্যতীত কোনো মা'বূদ নেই। তোমার তাওফীক ছাড়া নেককাজ করার কোনো শক্তি নেই এবং মন্দ

وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ (البخاری، ١: ١٥١)

থেকে বাঁচারও কোনো সামর্থ নেই।

(٩٦) اَللّٰهُمَّ اغْفِرْ لِیْ وَارْحَمْنِیْ وَعَافِنِیْ وَاهْدِنِیْ وَارْزُقْنِیْ وَاجْبُرْنِیْ

হে আল্লাহ! আমাকে ক্ষমা করো। আমার প্রতি দয়া করো। শান্তি দাও। হেদায়েত দাও।

وَارْفَعْنِیْ (ابو داود، ١: ١٢٣)

রিযিক দান করো। আমার কমতি পূরণ করে দাও এবং আমার মর্তবা উঁচু করে দাও।

(٩٧) اِنِّیْ لِمَآ اَنْزَلْتَ اِلَیَّ مِنْ خَیْرٍ فَقِیْرٌ (القصص: ٢٤)

হে আমার প্রতিপালক! তুমি আমার প্রতি যে অনুগ্রহ করবে আমি তার কাঙ্গাল।

(٩٨) اَللّٰهُمَّ رَبَّ جِبْرَئِیْلَ وَمِیْكَآئِیْلَ وَاِسْرَافِیْلَ فَاطِرَ السَّمٰوٰتِ

হে আল্লাহ! হে জিরবাইল, মিকাইল ও ইসরাফিলের প্রতিপালক! আসমান-জমিনের

وَالْاَرْضِ عَالِمَ الْغَیْبِ وَالشَّهَادَةِ اَنْتَ تَحْكُمُ بَیْنَ عِبَادِكَ فِیْمَا

সৃষ্টিকারী! অদৃশ্য-দৃশ্য বিষয়ের জ্ঞাত! তোমার বান্দারা (দুনিয়াতে) যে বিষয়ে মতানৈক্য

كَانُوْا فِیْهِ یَخْتَلِفُوْنَ ○ اِهْدِنِیْ لِمَا اخْتُلِفَ فِیْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِكَ

করছে (কেয়ামতের দিন) তুমি তার ফয়সালা করবে। মতানৈক্য বিষয়ে আমাকে সঠিক

اِنَّكَ تَهْدِیْ مَنْ تَشَآءُ اِلٰی صِرَاطٍ مُّسْتَقِیْمٍ (مسلم، ١: ٢٦٣)

পথ দেখাও। কেননা তুমি যাকে ইচ্ছা তাকে সঠিক পথ দেখিয়ে থাক।

— ২ —

দ্বিতীয় মনযিল (রবিবার)

اَلْمَنْزِلُ الثَّانِیْ فِیْ یَوْمِ الْاَحَدِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

॥ পরম করুণাময়, অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি ॥

(١) اَللّٰهُمَّ اهْدِنِیْ فِیْمَنْ هَدَیْتَ وَعَافِنِیْ فِیْمَنْ عَافَیْتَ وَتَوَلَّنِیْ

হে আল্লাহ! আমাকে হেদায়েতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করো। ক্ষমাপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করো।

فِیْمَنْ تَوَلَّیْتَ وَبَارِكْ لِیْ فِیْ مَآ اَعْطَیْتَ وَقِنِیْ شَرَّ مَا قَضَیْتَ فَاِنَّكَ

আমাকে তোমার বন্ধুদের অন্তর্ভুক্ত করো। আমাকে দানকৃত নেয়ামতে বরকত দাও। তোমার ফয়সালাকৃত বিষয়ের ক্ষতি থেকে আমাকে হেফাযত করো। নিশ্চয় তুমি

تَقْضِیْ وَلَا یُقْضٰی عَلَیْكَ اِنَّهٗ لَا یَذِلُّ مَنْ وَّالَیْتَ وَلَا یَعِزُّ مَنْ

ফয়সালাকারী, তোমার বিরুদ্ধে কোনো ফয়সালা চলে না। তুমি যাকে বন্ধু বানিয়েছ, সে অপমানিত হয় না। আর যাকে শত্রু বানিয়েছ, সে কখনও সম্মানিত হয় না। হে রব!

عَادَیْتَ تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَیْتَ نَسْتَغْفِرُكَ وَنَتُوْبُ اِلَیْكَ وَصَلَّی

তুমি বরকতময় ও উচ্চ মর্যাদার অধিকারী। আমরা তোমার নিকট ক্ষমা চাই এবং তোমার কাছে তওবা করি। হে আল্লাহ রহমত বর্ষণ করো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া

اللّٰهُ عَلَی النَّبِیِّ (ابو داود، ١: ٢٠١)

সাল্লাম এর প্রতি।

(٢) اَللّٰهُمَّ اغْفِرْلِیْ وَلِلْمُؤْمِنِیْنَ وَالْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِیْنَ

হে আল্লাহ! আমাদেরকে ক্ষমা করো। ক্ষমা করে দাও মুমিন নর-নারীকে এবং সকল

وَالْمُسْلِمَاتِ وَاَلِّفْ بَيْنَ قُلُوْبِهِمْ وَاَصْلِحْ ذَاتَ بَيْنِهِمْ وَانْصُرْهُمْ

মুসলিম নর-নারীকে। তাদের অন্তরে পরস্পরে মিল-মহব্বত সৃষ্টি করে দাও। তাদের মধ্যকার সকল বিষয়ের সমাধান করে দাও। আর তাদেরকে তোমার ও তাদের শত্রুদের

عَلٰى عَدُوِّكَ وَعَدُوِّهِمْ ، اَللّٰهُمَّ الْعَنِ الْكَفَرَةَ الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ

উপর সাহায্য করো। হে আল্লাহ! কাফেরদের প্রতি লা'নত করো যারা তোমার দ্বীনের

سَبِيْلِكَ وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ وَيُقَاتِلُوْنَ اَوْلِيَآءَكَ ، اَللّٰهُمَّ خَالِفْ بَيْنَ

রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে, তোমার রসূলদেরকে মিথ্যা প্রতিপন্ন করে এবং তোমার অলীদের বিরুদ্ধে যুদ্ধ করে। হে আল্লাহ! তাদের মাঝে মতানৈক্য সৃষ্টি করে দাও।

كَلِمَتِهِمْ وَزَلْزِلْ اَقْدَامَهُمْ وَاَنْزِلْ بِهِمْ بَاْسَكَ الَّذِىْ لَا تَرُدُّهٗ عَنِ

তাদের পদস্খলন করে দাও। তাদের উপর এমন আযাব নাযেল করো যা অপরাধী

الْقَوْمِ الْمُجْرِمِيْنَ (السنن الكبرى للبيهقى، ٢: ٢٩٨)

সম্প্রদায় থেকে কখনও অপসারিত হয় না।

(٣) اَللّٰهُمَّ اِنَّا نَسْتَعِيْنُكَ وَنَسْتَغْفِرُكَ وَنَسْتَهْدِيْكَ وَنُؤْمِنُ بِكَ

হে আল্লাহ! আমরা তোমার সাহায্য চাই। তোমার নিকট ক্ষমা ও হেদায়েত প্রার্থনা

وَنَتُوْبُ اِلَيْكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِىْ عَلَيْكَ الْخَيْرَ وَنَشْكُرُكَ وَلَا

করি। তোমার উপর ঈমান রাখি। তোমার উপর ভরসা করি। তোমার উত্তম প্রশংসা

نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرُكُ مَنْ يَّفْجُرُكَ ، اَللّٰهُمَّ اِيَّاكَ نَعْبُدُ وَلَكَ

করি। তোমার কৃতজ্ঞতা প্রকাশ করি, অকৃতজ্ঞতা করি না। যারা তোমার অবাধ্য, তাদের সাথে সম্পর্ক ছিন্ন করি ও তাদেরকে বর্জন করি। হে আল্লাহ! আমরা তোমারই

نُصَلِّىْ وَنَسْجُدُ وَاِلَيْكَ نَسْعٰى وَنَحْفِدُ وَنَرْجُوْا رَحْمَتَكَ وَنَخْشٰى

ইবাদত করি এবং তোমার উদ্দেশ্যে নামায আদায় করি। আমরা তোমাকে সেজদা করি, তোমার দরবারে দৌড়ে আসি এবং তোমারই দিকে ধাবিত হই। আমরা তোমার

عَذَابَكَ الْجِدَّ اِنَّ عَذَابَكَ الْجِدَّ بِالْكُفَّارِ مُلْحِقٌ (الحصن الاعظم: ٢٤٢)

রহমতের আশা রাখি ও তোমার আগত শাস্তিকে ভয় করি। নিশ্চয় তোমার আগত আযাব কাফেরদেরকে পাকড়াও করবে।

(٤) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ وَبِمُعَافَاتِكَ مِنْ

হে আল্লাহ! তোমার সন্তুষ্টির মাধ্যমে তোমার অসন্তুষ্টি থেকে, তোমার ক্ষমার মাধ্যমে

عُقُوْبَتِكَ وَاَعُوْذُ بِكَ مِنْكَ لَآ اُحْصِىْ ثَنَآءً عَلَيْكَ اَنْتَ كَمَآ اَثْنَيْتَ

তোমার শাস্তি থেকে আমি পানাহ চাই। তোমার গুণাবলী বর্ণনা করে আমি শেষ করতে

عَلٰى نَفْسِكَ (مسلم، ١: ١٩٢)

পারব না। তুমি তেমনি যেমন তুমি নিজের প্রশংসা করেছ।

(٥) اَللّٰهُمَّ رَبَّ جِبْرَئِيْلَ وَمِيْكَآئِيْلَ وَاِسْرَافِيْلَ وَمُحَمَّدٍ صَلَّى اللّٰهُ

হে জিবরাইল, মীকাইল ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রব! আমি

عَلَيْهِ وَسَلَّمَ اَعُوْذُ بِكَ مِنَ النَّارِ (المستدرك، ٣: ٧٢١)

তোমার কাছে জাহান্নাম থেকে আশ্রয় চাই।

(٦) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنْ اَنْ اَضِلَّ اَوْ اُضَلَّ ، اَوْ اَزِلَّ اَوْ اُزَلَّ ، اَوْ

হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই পথভ্রষ্ট করা থেকে বা নিজে পথভ্রষ্ট হওয়া থেকে। পদস্খলন করা বা নিজে পদস্খলিত হওয়া থেকে; নির্যাতন করা বা নিজে

اَظْلِمَ اَوْ اُظْلَمَ ، اَوْ اَجْهَلَ اَوْ يُجْهَلَ عَلَىَّ (ابو داود، ٢: ٦٩٥)

নির্যাতিত হওয়া থেকে এবং মূর্খতা প্রকাশ করা বা মূর্খতার কথার শিকার হওয়া থেকে।

(٧) اَللّٰهُمَّ اجْعَلْ فِىْ قَلْبِىْ نُوْرًا وَّفِىْ بَصَرِىْ نُوْرًا وَّفِىْ سَمْعِىْ نُوْرًا

হে আল্লাহ! আমার অন্তরে নূর দান করো। আমার চোখে ও কানে নূর দান করো।

وَّعَنْ يَّمِيْنِىْ نُوْرًا وَّعَنْ شِمَالِىْ نُوْرًا وَّمِنْ خَلْفِىْ نُوْرًا وَّمِنْ اَمَامِىْ

আমার ডানে ও বামে নূর দান করো। আমার সামনে ও পিছনে নূর দান করো। আমার

نُوْرًا وَّاجْعَلْ مِنْ فَوْقِيْ نُوْرًا وَّمِنْ تَحْتِيْ نُوْرًا اَللّٰهُمَّ اَعْطِنِيْ نُوْرًا

উপরে ও নিচে নূর দান করো। হে আল্লাহ! আমাকে নূর দান করো। আমার শিরা ও

وَّاجْعَلْ لِّيْ نُوْرًا وَّفِيْ عَصَبِيْ نُوْرًا وَّفِيْ لَحْمِيْ نُوْرًا وَّفِيْ دَمِيْ نُوْرًا وَّفِيْ

গোশতে নূর দান করো। আমার রক্তে ও চুলে নূর দান করো। আমার ত্বকে ও জিহ্বায়

شَعْرِيْ نُوْرًا وَّفِيْ بَشَرِيْ نُوْرًا وَّفِيْ لِسَانِيْ نُوْرًا وَاجْعَلْ فِيْ نَفْسِيْ

নূর দান করো। আমার অন্তরে নূর দান করো। আমাকে মহান নূর দান করো। আমার

نُوْرًا وَاَعْظِمْ لِيْ نُوْرًا وَّاجْعَلْنِيْ نُوْرًا (مسلم، ١: ٢٦١)

অস্তিত্বকে নূরানী বানিয়ে দাও।

(٨) اَللّٰهُمَّ افْتَحْ لَنَآ اَبْوَابَ رَحْمَتِكَ وَسَهِّلْ لَنَآ اَبْوَابَ

হে আল্লাহ! আমাদের জন্য তোমার রহমতের দরজাসমূহ খুলে দাও এবং আমাদের জন্য

رِزْقِكَ (ابن ماجه، ص ٥٦)

রিযিকের পথগুলো সহজ করে দাও।

(٩) اَللّٰهُمَّ اعْصِمْنِيْ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ (ابن ماجه، ص ٥٦)

হে আল্লাহ! বিতাড়িত শয়তান থেকে আমাকে হেফাযত করো।

(١٠) اَللّٰهُمَّ اهْدِنِيْ لِاَحْسَنِ الْاَخْلَاقِ لَا يَهْدِيْ لِاَحْسَنِهَا اِلَّآ

হে আল্লাহ! আমাকে উত্তম চরিত্র দান করো। তুমি ব্যতীত কেউ উত্তম চরিত্র দিতে পারে

اَنْتَ وَاصْرِفْ عَنِّيْ سَيِّئَهَا لَا يَصْرِفُ عَنِّيْ سَيِّئَهَآ اِلَّآ اَنْتَ (مسلم، ١: ٢٦٣)

না। আমার মন্দ চরিত্র দূর করে দাও। তুমি ব্যতীত কেউ মন্দ চরিত্র দূর করতে পারে না।

(١١) اَللّٰهُمَّ بَاعِدْ بَيْنِيْ وَبَيْنَ خَطَائِيْ كَمَا بَاعَدْتَّ بَيْنَ الْمَشْرِقِ

হে আল্লাহ! আমার ও আমার গুনাহের মাঝে পূর্ব-পশ্চিমের ন্যায় দূরত্ব সৃষ্টি করে দাও।

وَالْمَغْرِبِ، اَللّٰهُمَّ اغْسِلْ خَطَايَايَ بِالْمَآءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ وَنَقِّنِيْ

হে আল্লাহ! আমার গুনাহসমূহ ধুয়ে দাও (মাফ করে দাও) পানি দ্বারা, বরফ দ্বারা ও

مِنَ الْخَطَايَا كَمَا نَقَّيْتَ الثَّوْبَ الْاَبْيَضَ مِنَ الدَّنَسِ (البخاری، ١: ١٠٣)

শিলা দ্বারা এবং আমাকে সমস্ত গুনাহ থেকে পবিত্র করে দাও যেভাবে তুমি পরিষ্কার করে থাক সাদা কাপড়কে ময়লা থেকে।

(١٢) اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ مِلْأَ السَّمٰوٰتِ وَمِلْأَ الْاَرْضِ وَمِلْأَ مَا

হে আল্লাহ! আসমান-জমিন সমপরিমাণ ও এর মধ্যবর্তী খালী জায়গা পরিপূর্ণ তোমার

بَيْنَهُمَا، وَمِلْأَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ، اَهْلُ الثَّنَآءِ وَالْكِبْرِيَآءِ

প্রশংসা করছি। এরপর তুমি যা চাও সে পরিমাণ তোমার প্রশংসা। তুমিই প্রশংসা ও

وَالْمَجْدِ اَحَقُّ مَا قَالَ الْعَبْدُ، وَكُلُّنَا لَكَ عَبْدٌ لَّا مَانِعَ لِمَآ اَعْطَيْتَ

বড়ত্ব ও মর্যাদার অধিকারী। বান্দা যা বলে তুমিই তার অধিক হকদার। আমরা সকলে তোমার গোলাম। তুমি যা দিতে চাও তা কেউ রোধ করতে পারে না। আর যা রোধ

وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا رَآدَّ لِمَا قَضَيْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ

করতে চাও তা কেউ দিতে পারে না। তোমার ফয়সালা কেউ রোধ করতে পারে না।

مِنْكَ الْجَدُّ (مسلم، ١: ١٩٠)

আর কোনো সম্পদশালীর সম্পদ তোমার থেকে তাকে রক্ষা করতে পারে না।

(١٣) اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ ذَنْبِيْ كُلَّهٗ دِقَّهٗ وَجِلَّهٗ وَاَوَّلَهٗ وَاٰخِرَهٗ وَعَلَانِيَتَهٗ

হে আল্লাহ! আমার ছোট-বড়, পূর্ববর্তী-পরবর্তী ও প্রকাশ্য-গোপন সকল গুনাহ মাফ

وَسِرَّهٗ (مسلم، ١: ١٩١)

করে দাও।

(١٤) رَبِّ اَعْطِ نَفْسِيْ تَقْوَاهَا وَزَكِّهَآ اَنْتَ خَيْرُ مَنْ زَكَّاهَا اَنْتَ

হে আমার পালনকর্তা! আমাকে তাকওয়া ও অন্তরের পবিত্রতা দান করো। তুমিই অন্ত

اٰمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ ○ رَبَّنَا وَاٰتِنَا مَا

আমরা ঈমান এনেছি। সুতরাং তুমি আমাদের পাপরাশি ক্ষমা করো এবং আমাদেরকে জাহান্নামের আযাব থেকে রক্ষা করো। হে আমাদের প্রতিপালক! তোমার রাসূলগণের

وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ اِنَّكَ لَا تُخْلِفُ

মাধ্যমে আমাদেরকে যা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছ তা আমাদেরকে দাও এবং কিয়ামতের

الْمِيْعَادَ (مصنف ابن ابی شیبة، ١: ٣٣٠)

দিন আমাদেরকে হেয় করো না। নিশ্চয়ই তুমি প্রতিশ্রুতির ব্যতিক্রম করো না।

(١٨) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ، وَاَعُوْذُبِكَ

হে আল্লাহ! আমি জাহান্নামের আযাব থেকে তোমার আশ্রয় চাই। কবরের আযাব থেকে

مِنْ عَذَابِ الْقَبْرِ، وَاَعُوْذُبِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيْحِ الدَّجَّالِ

তোমার আশ্রয় চাই। দাজ্জালের ফেতনা থেকে তোমার আশ্রয় চাই। মৃত ও জীবিত

وَاَعُوْذُبِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ، وَاَعُوْذُبِكَ مِنَ الْمَاْثَمِ

লোকদের ফেতনা থেকে তোমার আশ্রয় চাই। গুনাহ ও ঋণের বোঝা থেকে তোমার

وَالْمَغْرَمِ (مسلم، ١: ٢١٨)

আশ্রয় চাই।

(١٩) اَللّٰهُمَّ اَعِنِّيْ عَلٰى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ

(ابو داود، ١: ٢١٣)

হে আল্লাহ! তোমার যিকির, তোমার শোকর এবং তোমার উত্তম ইবাদত করার জন্য আমাকে তাওফীক দাও।

(٢٠) اَللّٰهُمَّ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ اَنَا شَهِيْدٌ اَنَّكَ اَنْتَ الرَّبُّ وَحْدَكَ

হে আল্লাহ! আমাদের রব ও সমস্ত জিনিসের রব! আমি সাক্ষী যে, তুমিই একমাত্র রব।

وَلِيُّهَا وَمَوْلَاهَا (مسند احمد، ٧: ٣٠٠)

রের উত্তম পবিত্রতাকারী, এর অভিভাবক ও মালিক।

(١٥) اَللّٰهُمَّ اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ ظُلْمًا كَثِيْرًا وَّلَا يَغْفِرُ الذُّنُوْبَ اِلَّآ

হে আল্লাহ! আমি নিজের উপর অত্যাধিক জুলুম করেছি। তুমি ছাড়া অপরাধ ক্ষমাকারী

اَنْتَ فَاغْفِرْ لِيْ مَغْفِرَةً مِّنْ عِنْدِكَ وَارْحَمْنِيْٓ اِنَّكَ اَنْتَ الْغَفُوْرُ

কেউ নেই। সুতরাং তোমার পক্ষ থেকে আমাকে পরিপূর্ণ ক্ষমা করে দাও। আমার প্রতি

الرَّحِيْمُ (البخاری، ١: ١١٥)

রহম করো। তুমিই ক্ষমাকারী, করুণাময়।

(١٦) اَللّٰهُمَّ حَاسِبْنِيْ حِسَابًا يَّسِيْرًا (المستدرك، ١: ١٢٥)

হে আল্লাহ! আমার সাথে সহজ হিসাব-কিতাব করো।

(١٧) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ مِنَ الْخَيْرِ كُلِّهٖ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ

হে আল্লাহ! আমি তোমার কাছে আমার জানা-অজানা সকল বিষয়ের কল্যাণ চাই এবং

اَعْلَمْ، وَاَعُوْذُ بِكَ مِنَ الشَّرِّ كُلِّهٖ مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ اَعْلَمْ،

আমি তোমার আশ্রয় চাই আমার জানা-অজানা সকল বিষয়ের অনিষ্ট থেকে। হে

اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ مِنْ خَيْرِ مَا سَاَلَكَ بِهٖ عِبَادُكَ الصَّالِحُوْنَ،

আল্লাহ! তোমার নেক বান্দারা তোমার কাছে যেসব কল্যাণ চেয়েছে আমিও তোমার

وَاَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا عَاذَ مِنْهُ عِبَادُكَ الصَّالِحُوْنَ، رَبَّنَآ اٰتِنَا فِي

কাছে সেসব কল্যাণ চাই এবং তোমার নেক বান্দারা যেসব অনিষ্ট থেকে তোমার কাছে আশ্রয় চেয়েছে আমিও সেসব অনিষ্ট থেকে তোমার আশ্রয় চাই। হে আমাদের

الدُّنْيَا حَسَنَةً وَّفِي الْاٰخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ ○ رَبَّنَآ اِنَّنَآ

প্রতিপালক! আমাদেরকে দুনিয়াতেও কল্যাণ দান করো এবং আখিরাতেও কল্যাণ দান করো। আর আমাদেরকে দোযখের আযাব থেকে রক্ষা করো। হে আমাদের প্রতিপালক!

لَا شَرِيْكَ لَكَ، اَللّٰهُمَّ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ اَنَا شَهِيْدٌ اَنَّ مُحَمَّدًا

তুমি একক, তোমার কোনো শরীক নেই। হে আল্লাহ! আমাদের রব ও সমস্ত জিনিসের রব! আমি সাক্ষী যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমার বান্দা ও রসূল।

صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَبْدُكَ وَرَسُوْلُكَ، اَللّٰهُمَّ رَبَّنَا وَرَبَّ كُلِّ

হে আল্লাহ! আমাদের রব ও সমস্ত জিনিসের রব! আমি সাক্ষী যে, সকল বান্দা একে

شَيْءٍ اَنَا شَهِيْدٌ اَنَّ الْعِبَادَ كُلَّهُمْ اِخْوَةٌ، اَللّٰهُمَّ رَبَّنَا وَرَبَّ كُلِّ

অপরের ভাই। হে আল্লাহ! আমাদের রব ও সমস্ত জিনিসের রব! আমাকে ও আমার

شَيْءٍ اجْعَلْنِيْ مُخْلِصًا لَّكَ وَاَهْلِيْ فِيْ كُلِّ سَاعَةٍ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ

পরিবারকে দুনিয়া-আখেরাতে সর্বক্ষণের জন্য তোমার খাঁটি বান্দা বানাও। হে সম্মানিত

ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ اِسْمَعْ وَاسْتَجِبْ، اَللّٰهُ اَكْبَرُ الْاَكْبَرِ، اَللّٰهُ نُوْرُ

ও দয়ালু! আমার দু'আ শোনো ও কবুল করো। আল্লাহ সকল বড়দের চেয়ে বড়।

السَّمٰوٰتِ وَالْاَرْضِ، اَللّٰهُ اَكْبَرُ الْاَكْبَرِ حَسْبِيَ اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلِ،

আল্লাহ আসমান ও জমিনের নূর। আল্লাহ সকল বড়দের চেয়ে বড়। আল্লাহ আমার জন্য

اَللّٰهُ اَكْبَرُ الْاَكْبَرِ (ابو داود، ١: ٢١١)

যথেষ্ট এবং উত্তম অভিভাবক। আল্লাহ সকল বড়দের চেয়ে বড়।

(٢١) اَللّٰهُمَّ اَصْلِحْ لِيْ دِيْنِيَ الَّذِيْ هُوَ عِصْمَةُ اَمْرِيْ وَاَصْلِحْ لِيْ

হে আল্লাহ! আমার দ্বীনদারি শুদ্ধ করে দাও, এতেই আমার সার্বিক সুরক্ষা রয়েছে।

دُنْيَايَ الَّتِيْ فِيْهَا مَعَاشِيْ وَاَصْلِحْ لِيْ اٰخِرَتِيَ الَّتِيْ فِيْهَا مَعَادِيْ

আমার দুনিয়াকে শুদ্ধ করে দাও, এতে আমার পাথেয় রয়েছে। আমার আখেরাতকে শুদ্ধ করে দাও যেথায় আমাকে ফিরে যেতে হবে। হে আল্লাহ! তুমি আমাকে জীবিত রাখো,

وَاَحْيِنِيْ مَا كَانَتِ الْحَيَاةُ خَيْرًا لِّيْ وَتَوَفَّنِيْ اِذَا كَانَتِ الْوَفَاةُ خَيْرًا

যতদিন বেঁচে থাকা আমার জন্য কল্যাণকর হয়। আর তখন আমাকে উঠিয়ে নাও, যখন

لِّيْ وَاجْعَلِ الْحَيَاةَ زِيَادَةً لِّيْ فِيْ كُلِّ خَيْرٍ وَّاجْعَلِ الْمَوْتَ رَاحَةً لِّيْ

আমার জন্য মৃত্যু কল্যাণকর হবে। সকল কল্যাণের জন্য আমার হায়াতকে বাড়িয়ে

مِنْ كُلِّ شَرٍّ (مسلم، ٢: ٣٤٩)

দাও। আর যে কোনো অকল্যাণের চেয়ে মৃত্যুকে আমার জন্য আরামদায়াক বানিয়ে দাও।

(٢٢) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ رِزْقًا طَيِّبًا وَّعِلْمًا نَّافِعًا وَّعَمَلًا

হে আল্লাহ! আমি তোমার কাছে পবিত্র রিযিক, উপকারী ইলম এবং গ্রহণযোগ্য আমল

مُّتَقَبَّلًا (المعجم الصغير، ص ١٥٢)

প্রার্থনা করছি।

(٢٣) اَللّٰهُمَّ اَشْبَعْتَ وَاَرْوَيْتَ فَهَيِّئْنَا وَرَزَقْتَنَا فَاَكْثَرْتَ وَاَطْيَبْتَ

হে আল্লাহ! তুমি আমাদেরকে পেট ভরে খাইয়েছ ও তৃপ্তিসহ পান করিয়েছ। সুতরাং এতে বরকত দাও (স্বাস্থ্যের জন্য উপকারী বানাও)। তুমি আমাদেরকে অঢেল পবিত্র

فَزِدْنَا (مصنف ابن ابی شیبة، ٥: ٥٦٥)

রিযিক দিয়েছ, একে আরও বাড়িয়ে দাও।

(٢٤) اَللّٰهُمَّ قَنِّعْنِيْ بِمَا رَزَقْتَنِيْ وَبَارِكْ لِيْ فِيْهِ وَاخْلُفْ عَلٰى كُلِّ

হে আল্লাহ! তুমি যা কিছু দিয়েছ তার প্রতি আমাকে সন্তুষ্ট করে দাও এবং এতে রবকত দান করো। আমার প্রত্যেক অনুপস্থিত জিনিসের (পরিবার ও সম্পদ ইত্যাদির)

غَآئِبَةٍ لِّيْ بِخَيْرٍ (المستدرك، ١: ٦٩٠)

রক্ষাকারী হয়ে যাও।

(٢٥) رَبِّ اغْفِرْ وَارْحَمْ اَنْتَ الْاَعَزُّ الْاَكْرَمُ (مصنف ابن ابی شیبة، ٤: ٥٢١)

হে আল্লাহ! আমাকে ক্ষমা করো এবং আমার প্রতি দয়া করো। তুমি সম্মানিত ও দয়ালু।

(٢٦) اَللّٰهُمَّ اشْرَحْ لِيْ صَدْرِيْ وَيَسِّرْ لِيْٓ اَمْرِيْ وَاَعُوْذُبِكَ مِنْ

হে আমার প্রতিপালক! আমার বক্ষ প্রশস্ত করে দাও এবং আমার কর্ম সহজ করে দাও।

وَّسَاوِسِ الصَّدْرِ وَشَتَاتِ الْاَمْرِ وَفِتْنَةِ الْقَبْرِ، اَللّٰهُمَّ اِنِّیْٓ اَعُوْذُ بِكَ

আমি তোমার আশ্রয় চাই অন্তরের ওয়াসওয়াসা থেকে, লেনদেনের পেরেশানী ও

مِنْ شَرِّ مَا يَلِجُ فِی اللَّيْلِ وَمِنْ شَرِّ مَا يَلِجُ فِی النَّهَارِ وَمِنْ شَرِّ مَا

কবরের ফেতনা থেকে। হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই রাতের আগত অনিষ্ট

تَهُبُّ بِهِ الرِّيَاحُ (مصنف ابن ابی شيبة، ٤: ٤٧٣)

থেকে। দিনের আগত অনিষ্ট ও বাতাসে ঘুরে বেড়ায় এমন অনিষ্ট থেকে।

(٢٧) اَللّٰهُمَّ اهْدِنِیْ بِالْهُدٰی وَنَقِّنِیْ بِالتَّقْوٰی وَاغْفِرْ لِیْ فِی الْاٰخِرَةِ

হে আল্লাহ! আমাকে সোজা পথ দেখাও। তাকওয়া দানের মাধ্যমে আমাকে পবিত্র করে

وَالْاُوْلٰی (مصنف ابن ابی شيبة، ٤: ١٤٧)

দাও। দুনিয়া ও আখেরাতে আমাকে ক্ষমা করে দাও।

(٢٨) اَللّٰهُمَّ اِنِّیْٓ اَسْئَلُكَ عِلْمًا نَّافِعًا وَّرِزْقًا وَّاسِعًا وَشِفَآءً مِّنْ

হে আল্লাহ! আমি তোমার কাছে উপকারী ইলম, প্রশস্ত রিযিক এবং সকল প্রকারের

كُلِّ دَآءٍ (المستدرك، ١: ٦٤٦)

রোগ থেকে আরোগ্য চাই।

(٢٩) اَللّٰهُمَّ اَنْتَ عَضُدِیْ وَنَصِيْرِیْ بِكَ اَحُوْلُ وَبِكَ اَصُوْلُ وَبِكَ

হে আল্লাহ! তুমিই আমার শক্তি ও সাহায্যকারী। তোমার মাধ্যমে আমি শক্তি লাভ করি ও শত্রুর উপর আক্রমণ করি। তোমার সাহায্যে লড়াই করি। তোমার সাহায্য ছাড়া

اُقَاتِلُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِكَ (ابو داود، ١: ٣٥٣)

নেককাজ করার শক্তি নেই ও মন্দ থেকে বাঁচার উপায় নেই।

(٣٠) اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهٗ لَا قَابِضَ لِمَا بَسَطْتَّ وَلَا بَاسِطَ لِمَا

হে আল্লাহ! সমস্ত প্রশংসা তোমার জন্য। তুমি যার রিযিক প্রশস্ত করে দাও তা কেউ কম করতে পারে না। আর যার রিযিক সংকীর্ণ করে দাও তা কেউ বাড়াতে পারে না। তুমি

قَبَضْتَ وَلَا هَادِیَ لِمَنْ اَضْلَلْتَ وَلَا مُضِلَّ لِمَنْ هَدَيْتَ وَلَا مُعْطِیَ

যাকে গুমরাহ কর তাকে কেউ হেদায়েত দিতে পারে না। আর যাকে হেদায়েত দিয়ে থাক তাকে কেউ গুমরাহ করতে পারে না। যার নেয়ামত রোধ কর তাকে কেউ দিতে

لِمَا مَنَعْتَ وَلَا مَانِعَ لِمَآ اَعْطَيْتَ وَلَا مُقَرِّبَ لِمَا بَاعَدْتَّ وَلَا

পারে না। যাকে দিতে চাও তা কেউ রোধ করতে পারে না। তুমি যাকে দূরে ঠেলে দাও তাকে কেউ নিকটে আনতে পারে না। আর যাকে নিকটে নিয়ে আস তাকে কেউ দূরে

مُبَاعِدَ لِمَا قَرَّبْتَ، اَللّٰهُمَّ ابْسُطْ عَلَيْنَا مِنْ بَرَكَاتِكَ وَرَحْمَتِكَ

সরাতে পারে না। হে আল্লাহ! আমাদের প্রতি তোমার বরকত, রহমত, অনুগ্রহ ও রিযিক

وَفَضْلِكَ وَرِزْقِكَ، اَللّٰهُمَّ اِنِّیْٓ اَسْئَلُكَ النَّعِيْمَ الْمُقِيْمَ الَّذِیْ لَا

প্রশস্ত করে দাও। হে আল্লাহ! আমি তোমার কাছে স্থায়ী নেয়ামত চাই যা কখনও ফেরত

يَحُوْلَ وَلَا يَزُوْلَ، اَللّٰهُمَّ اِنِّیْٓ اَسْئَلُكَ الْاَمْنَ يَوْمَ الْخَوْفِ، اَللّٰهُمَّ

নেওয়া হয় না এবং ধ্বংস হয় না। হে আল্লাহ! আমি ভয়ের দিন (কিয়ামতের দিন)

اِنِّیْ عَآئِذٌ بِكَ مِنْ شَرِّ مَآ اَعْطَيْتَنَا وَمِنْ شَرِّ مَا مَنَعْتَنَا، اَللّٰهُمَّ

তোমার নিরপত্তা চাই। হে আল্লাহ! তুমি যা দিয়েছ আর যা দাওনি সবকিছুর অনিষ্ট থেকে তোমার কাছে আশ্রয় চাই। হে আল্লাহ! আমাদের অন্তরে ঈমানের মহব্বত সৃষ্টি

حَبِّبْ اِلَيْنَا الْاِيْمَانَ وَزَيِّنْهُ فِیْ قُلُوْبِنَا وَكَرِّهْ اِلَيْنَا الْكُفْرَ وَالْفُسُوْقَ

করে দাও। ঈমানকে আমাদের অন্তরে সুসজ্জিত করে দাও। আমাদের অন্তরে কুফরী, গুনাহ ও নাফরমানীর প্রতি ঘৃণা সৃষ্টি করে দাও। আমাদেরকে হেদায়েতপ্রাপ্তদের অন্ত

وَالْعِصْيَانَ وَاجْعَلْنَا مِنَ الرَّاشِدِيْنَ، اَللّٰهُمَّ تَوَفَّنَا مُسْلِمِيْنَ

ভুক্ত করো। হে আল্লাহ! আমাদেরকে মুসলমান অবস্থায় মৃত্যু দিও এবং নেক বান্দাদের

وَاَلْحِقْنَا بِالصَّالِحِيْنَ، غَيْرَ خَزَايَا وَلَا مَفْتُوْنِيْنَ، اَللّٰهُمَّ قَاتِلِ

সাথী বানাও। যারা লজ্জিত ও বিপদগ্রস্ত তাদের সাথী বানিও না। হে আল্লাহ! তুমি ওই কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করো যারা তোমার রসূলগণকে মিথ্যারোপ করে এবং তোমার

الْكَفَرَةَ الَّذِيْنَ يُكَذِّبُوْنَ رُسُلَكَ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ وَاجْعَلْ

পথে লোকদেরকে বাধা দেয়। হে আল্লাহ! তাদের প্রতি কঠোরতা করো এবং তোমার

عَلَيْهِمْ رِجْزَكَ وَعَذَابَكَ اِلٰهَ الْحَقِّ، اٰمِيْنَ (المستدرك، ٣: ٢٦)

আযাব নাযেল করো। আমীন!

(٣١) اَللّٰهُمَّ مُنْزِلَ الْكِتَابِ وَمُجْرِيَ السَّحَابِ وَهَازِمَ الْاَحْزَابِ

হে আল্লাহ! কিতাব আবতীর্ণকারী! মেঘমালা চালনাকারী! শত্রুদের সৈন্যকে

اهْزِمْهُمْ وَانْصُرْنَا عَلَيْهِمْ (البخارى، ١: ٤١٦)

পরাজিতকারী! তুমি কাফেরদেরকে পরাজিত করে দাও এবং তাদের মোকাবেলায় আমাদের সাহায্য করো।

(٣٢) اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِيْ نُحُوْرِهِمْ وَنَعُوْذُبِكَ مِنْ شُرُوْرِهِمْ

(ابو داود، ١: ٢١٥)

হে আল্লাহ! আমরা তোমাকে তাদের (শত্রুদের) সম্মুখে করলাম (তুমিই তাদের দমন কর!) এবং তাদের মন্দ প্রভাব থেকে তোমার নিকট আশ্রয় নিলাম।

(٣٣) اَللّٰهُمَّ رَحْمَتَكَ اَرْجُوْا فَلَا تَكِلْنِيْ اِلٰى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ

হে আল্লাহ! আমি তোমার রহমত কামনা করি। সুতরাং তুমি আমাকে চোখের পলক পরিমাণও আমার নিজের উপর ন্যস্ত করো না। আমার সকল অবস্থার সংশোধন করে

وَاَصْلِحْ لِيْ شَأْنِيْ كُلَّهٗ لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ (ابو داود،٢: ٦٩٤)

দাও। তুমি ছাড়া কোনো মা'বূদ নেই।

(٣٤) يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ اَسْتَغِيْثُ (الترمذى، ٢: ١٩٢)

হে চিরঞ্জীব! হে সবকিছুর ধারক! আমি তোমার রহমতের মাধ্যমে তোমার কাছে ফরিয়াদ করছি।

(٣٥) اَللّٰهُمَّ اِنِّيْ عَبْدُكَ وَابْنُ عَبْدِكَ وابْنُ اَمَتِكَ، نَاصِيَتِيْ

হে আল্লাহ! আমি তোমার গোলাম, তোমার গোলামের সন্তান এবং তোমার বাঁদীর সন্ত

بِيَدِكَ، مَاضٍ فِيَّ حُكْمُكَ عَدْلٌ فِيَّ قَضَآؤُكَ، اَسْئَلُكَ بِكُلِّ اِسْمٍ

ান। আমার কপাল (ভাগ্য) তোমারই হাতে। আমার সমস্ত অস্তিত্বে কেবল তোমারই হুকুম চলে। আমার ব্যাপারে তোমার যাবতীয় ফয়সালা সঠিক। আমি তোমার প্রত্যেক

هُوَ لَكَ سَمَّيْتَ بِهٖ نَفْسَكَ وَاَنْزَلْتَهٗ فِيْ كِتَابِكَ اَوْ عَلَّمْتَهٗ

ওই নামের অসীলায় প্রার্থনা করি যে নাম তুমি নিজের জন্য পছন্দ করেছ, অথবা তোমার পবিত্র কালামে নাযিল করেছ, অথবা তোমার সৃষ্টি জগতের কাউকে শিক্ষা

اَحَدًا مِّنْ خَلْقِكَ، اَوِ اسْتَأْثَرْتَ بِهٖ فِيْ عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ اَنْ

দিয়েছ, অথবা তোমার ইলমে গায়েবের মধ্যে রেখে দিয়েছ, সেই নামের অসীলায় তুমি

تَجْعَلَ الْقُرْاٰنَ الْعَظِيْمَ رَبِيْعَ قَلْبِيْ وَنُوْرَ بَصَرِيْ وَجِلَآءَ حُزْنِيْ

আমার অন্তরকে মহান কুরআন দ্বারা আলোকিত করে দাও, আমার চোখে নূর দাও,

وَذَهَابَ هَمِّيْ (ابن حبان، ٢: ١٦٠)

আমার দুঃখ-কষ্ট সরিয়ে দাও এবং আমার চিন্তা-ভাবনা দূর করে দাও।

(٣٦) اَللّٰهُمَّ لَا سَهْلَ اِلَّا مَا جَعَلْتَهٗ سَهْلًا وَّاَنْتَ تَجْعَلُ الْحَزْنَ اِذَا

হে আল্লাহ! কোনো কিছুই সহজ নয় কিন্তু তুমি যা সহজ করে দিয়েছে। তুমি যখন ইচ্ছা

شِئْتَ سَهْلًا (ابن حبان، ٢: ١٦٠)

কর তখন কঠিন জিনিসকে সহজ করে থাক।

(٣٧) لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ الْحَلِيْمُ الْكَرِيْمُ، سُبْحَانَ اللّٰهِ رَبِّ الْعَرْشِ

আল্লাহ ব্যতীত কোনো মা'বুদ নেই। তিনি ধৈর্যশীল, দয়ালু। তিনি পবিত্র, যিনি মহান

الْعَظِيْمِ ○ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ○ اَسْئَلُكَ مُوْجِبَاتِ رَحْمَتِكَ

আরশের রব। সমস্ত প্রশংসা আল্লাহর যিনি সারা জাহানের প্রতিপালক। হে আল্লাহ!

وَعَزَآئِمَ مَغْفِرَتِكَ وَالْعِصْمَةَ مِنْ كُلِّ ذَنْبٍ وَالْغَنِيْمَةَ مِنْ كُلِّ بِرٍّ

আমি তোমার রহমতের উপকরণগুলো ও তোমার মাগফিরাত পেতে উপযুক্ত অসীলার

وَّالسَّلَامَةَ مِنْ كُلِّ اِثْمٍ لَا تَدَعْ لِيْ ذَنْبًا اِلَّا غَفَرْتَهٗ وَلَا هَمًّا اِلَّا

জন্য প্রার্থনা করছি। আর প্রত্যেক গুনাহ হতে নিরাপদে রেখে প্রত্যেকটি পুণ্যের সম্পদের জন্য আবেদন করছি। ক্ষমা ব্যতীত আমার কোনো গুনাহ অবশিষ্ট রেখো না।

فَرَّجْتَهٗ، وَلَا كَرْبًا اِلَّا نَفَّسْتَهٗ، وَلَا ضُرًّا اِلَّا كَشَفْتَهٗ وَلَا حَاجَةً هِيَ

কোনো দুঃখ - বেদনা দূর করা ছাড়া রেখে দিও না, কোনো কষ্ট অবশিষ্ট রেখো না। তোমার পছন্দ হয় এমন কোনো প্রয়োজন পূরণ করা ছাড়া রেখে দিও না।

لَكَ رِضًى اِلَّا قَضَيْتَهَا يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ (الترمذى، ١: ١٠٨)

হে দয়াবানদের দয়াবান!

— ৩ —

তৃতীয় মনযিল (সোমববার)

اَلْمَنْزِلُ الثَّالِثُ فِيْ يَوْمِ الْاِثْنَيْنِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

॥ পরম করুণাময়, অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি ॥

(١) اَللّٰهُمَّ ارْحَمْنِيْ بِتَرْكِ الْمَعَاصِيَ اَبَدًا مَا اَبْقَيْتَنِيْ وَارْحَمْنِيْ اَنْ

হে আল্লাহ! আমার প্রতি রহম করো, যাতে আমি যতদিন জীবিত থাকি গুনাহ ছেড়ে

اَتَكَلَّفَ مَا لَا يَعْنِيْنِيْ وَارْزُقْنِيْ حُسْنَ النَّظَرِ فِيْمَا يُرْضِيْكَ عَنِّيْ،

দিই। আমার প্রতি রহম করো যাতে আমি অপ্রয়োজনীয় কাজে লিপ্ত না হই। আমাকে ওইসব কাজের চিন্তা-ফিকির দান করো যা আমার প্রতি তোমাকে সন্তুষ্ট রাখবে। হে

اَللّٰهُمَّ بَدِيْعَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ، ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ وَالْعِزَّةِ

আল্লাহ! আসমান-জমিনের সৃষ্টিকারী! মহান ও দয়ালু! এমন সম্মানের অধিকারী যা

الَّتِيْ لَا تُرَامُ، اَسْئَلُكَ يَا اَللّٰهُ يَا رَحْمٰنُ بِجَلَالِكَ وَنُوْرِ وَجْهِكَ اَنْ

অর্জন করার কল্পনাও করা যায় না! হে আল্লাহ! হে দয়ালু! তোমার মহত্ব ও নূরানী চেহারার অসীলায় যেভাবে তুমি কুরআন শিক্ষা দিয়েছ তেমনিভাবে তোমার কুরআন

تُلْزِمَ قَلْبِيْ حِفْظَ كِتَابِكَ كَمَا عَلَّمْتَنِيْ وَارْزُقْنِيْ اَنْ اَتْلُوَهٗ عَلَى

মুখস্ত করার আমাকে তাওফীক দাও। তুমি আমার প্রতি সন্তুষ্ট হও সে পরিমাণ

النَّحْوِ الَّذِيْ يُرْضِيْكَ عَنِّيْ، اَللّٰهُمَّ بَدِيْعَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ، ذَا

তেলাওয়াত করার তাওফীক দাও। হে আল্লাহ! আসমান-জমিনের সৃষ্টিকারী! মহান ও

الْجَلَالِ وَالْاِكْرَامِ وَالْعِزَّةِ الَّتِىْ لَا تُرَامُ، اَسْئَلُكَ يَآ اَللّٰهُ يَا رَحْمٰنُ

দয়ালু! এমন সম্মানের অধিকারী যা অর্জন করার কল্পনাও করা যায় না! হে আল্লাহ! হে

بِجَلَالِكَ وَنُوْرِ وَجْهِكَ اَنْ تُنَوِّرَ بِكِتَابِكَ بَصَرِىْ وَاَنْ تُطْلِقَ بِهٖ

দয়ালু! তোমার মহত্ব ও নূরানী চেহারার অসীলায় তোমার কিতাব দ্বারা আমার চোখ

لِسَانِىْ وَاَنْ تُفَرِّجَ بِهٖ عَنْ قَلْبِىْ وَاَنْ تَشْرَحَ بِهٖ صَدْرِىْ وَاَنْ

আলোকিত করে দাও। আমার জবানে তা চালু করে দাও। আমার দুশ্চিন্তা দূর করে

تَسْتَعْمِلَ بِهٖ بَدَنِىْ، فَاِنَّهٗ لَا يُعِيْنُنِىْ عَلَى الْحَقِّ غَيْرُكَ، وَلَا يُؤْتِيْهِ

দাও। আমার বক্ষ প্রশস্ত করে দাও। আমার শরীরকে এর উপর আমল করার তাওফীক দাও। সত্যের বিষয়ে তুমি ব্যতীত কেউ আমার সাহায্যকারী নেই। সমুচ্চ ও মহান

اِلَّآ اَنْتَ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِىِّ الْعَظِيْمِ (الترمذى، ٢: ١٩٧)

আল্লাহর তাওফীক ব্যতীত কারও নেককাজ করার ও মন্দ কাজ থেকে বাঁচার শক্তি ও সামর্থ্য নেই।

(٢) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَتُوْبُ اِلَيْكَ مِنَ الْمَعَاصِىْ لَآ اَرْجِعُ اِلَيْهَآ اَبَدًا

(المستدرك، ١: ٦٩٧)

হে আল্লাহ! আমি তোমার সমীপে গুনাহ থেকে তওবা করছি। আর কখনও এমন করব না।

(٣) اَللّٰهُمَّ مَغْفِرَتُكَ اَوْسَعُ مِنْ ذُنُوْبِىْ وَرَحْمَتُكَ اَرْجٰى عِنْدِىْ

হে আল্লাহ! তোমার মাগফিরাত আমার গুনাহর চেয়ে অনেক প্রশস্ত এবং আমার মধ্যে

مِنْ عَمَلِىْ (المستدرك، ١: ٧٢٨)

নিজ আমলের চেয়ে তোমার রহমতের আশা (ভরসা) অনেক বেশি।

(٤) اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنَّا (الترمذى، ٢: ١٩١)

হে আল্লাহ! তুমি বড় ক্ষমাশীল, দয়ালু। ক্ষমা করাকে তুমি পছন্দ কর, সুতরাং আমাকে ক্ষমা করে দাও।

(٥) اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَاَغْنِنِىْ بِفَضْلِكَ

হে আল্লাহ! হারাম ছাড়া হালালকেই আমার জন্য যথেষ্ট করে দাও। তোমার অনুগ্রহের

عَمَّنْ سِوَاكَ (الترمذى، ٢: ١٩٦)

তুমি ব্যতীত বাকি সবকিছু থেকে আমাকে অমুখাপেক্ষী করে দাও।

(٦) اَللّٰهُمَّ فَارِجَ الْهَمِّ كَاشِفَ الْغَمِّ مُجِيْبَ دَعْوَةِ الْمُضْطَرِّيْنَ

হে আল্লাহ! দুশ্চিন্তা দূরকারী! দুঃখ-কষ্ট দূরকারী! অসহায়দের ডাকে সাড়া দানকরী! দুনিয়া

رَحْمٰنَ الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَرَحِيْمَهُمَآ اَنْتَ تَرْحَمُنِىْ وَارْحَمْنِىْ

ও আখেরাতে সবচেয়ে বড় মেহেরবান ও দয়ালু! তুমিই আমার প্রতি রহম করে থাক,

بِرَحْمَةٍ تُغْنِيْنِىْ بِهَا عَنْ رَّحْمَةِ مَنْ سِوَاكَ (المستدرك، ١: ٦٩٦)

আমার প্রতি এমন দয়া করো যেন তোমার দয়া ব্যতীত আর কারও দয়ার প্রয়োজন না হয়।

(٧) اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ، عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ، اِنِّىْٓ

হে আল্লাহ! হে আসমান ও জমিনের স্রষ্টা! অদৃশ্য ও দৃশ্যের জ্ঞাত! আমি দুনিয়ার এ

اَعْهَدُ اِلَيْكَ فِىْ هٰذِهِ الْحَيَاةِ الدُّنْيَا، اَنِّىْٓ اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّآ اَنْتَ

জীবনে তোমার সাথে ওয়াদা করছি যে, আমি সাক্ষ্য দিচ্ছি তুমি ব্যতীত কোনো মা'বূদ

وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ وَاَنَّ مُحَمَّدًا عَبْدُكَ وَرَسُوْلُكَ، فَلَا تَكِلْنِىْٓ

নেই। তুমি একক, তোমার কোনো শরীক নেই। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া

اِلٰى نَفْسِىْ فَاِنَّكَ اِنْ تَكِلْنِىْٓ اِلٰى نَفْسِىْ تُقَرِّبْنِىْ مِنَ الشَّرِّ، وَتُبَاعِدْنِىْ

সাল্লাম তোমার বান্দা ও রসূল। আমাকে আমার প্রবৃত্তির কাছে ন্যস্ত করো না, তুমি যদি

مِنَ الْخَيْرِ، وَاَنِّىْ لَآ اَثِقُ اِلَّا بِرَحْمَتِكَ، فَاجْعَلْ لِّىْ عِنْدَكَ عَهْدًا

আমাকে আমার প্রবৃত্তির কাছে ন্যস্ত কর তাহলে সে আমাকে ক্ষতির নিকবর্তী করে দিবে। কল্যাণ থেকে দূরে সরিয়ে দিবে। আমি শুধু তোমার রহমতের উপর ভরসা

تُوْفِيْنِيْهِ يَوْمَ الْقِيَامَةِ، اِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ (مسند احمد، ١: ٦٨٠)

রাখি। সুতরাং তুমি আমাকে তোমার রহমতের ওয়াদা দাও যা তুমি কেয়ামতের দিন পূর্ণ করবে। নিশ্চয় তুমি ওয়াদা খেলাফ করো না।

(٨) اَسْتَغْفِرُ اللّٰهَ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْحَىُّ الْقَيُّوْمُ وَاَتُوْبُ اِلَيْهِ

(ابو داود، ١: ٢١٢)

আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি, যিনি ব্যতীত কোনো মা'বূদ নেই। তিনি চিরঞ্জীব ও সবকিছুর ধারক। আর আমি তাঁর সমীপে তওবা করছি।

(٩) رَبِّ اغْفِرْ لِىْ وَتُبْ عَلَىَّ اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ

(ابو داود، ١: ٢١٢)

হে আমার প্রতিপালক! আমাকে ক্ষমা করো। আমার তওবা কবুল কর। নিশ্চয় তুমি তওবা কবুলকারী, পরম দয়ালু।

(١٠) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ وَالْجُبْنِ وَالْهَرَمِ

হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই অক্ষমতা ও অলসতা থেকে এবং আশ্রয়

وَالْمَغْرَمِ وَالْمَأْثَمِ، اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ وَفِتْنَةِ

চাই কাপুরুষতা, বায়োবৃদ্ধ, জরিমানার বোঝা ও গুনাহ থেকে। হে আল্লাহ! আমি

النَّارِ وَفِتْنَةِ الْقَبْرِ وَعَذَابِ الْقَبْرِ وَشَرِّ فِتْنَةِ الْغِنٰى وَشَرِّ

তোমার কাছে আশ্রয় চাই জাহান্নামের আযাব ও জাহান্নামের পরীক্ষা থেকে, কবরের

فِتْنَةِ الْفَقْرِ (الحصن الاعظم، ص ٣١٥)

আযাব ও কবরের পরীক্ষা থেকে এবং সম্পদের ফেতনা ও দারিদ্রতার ফেতনা থেকে।

(١١) وَاَعُوْذُ بِكَ مِنَ الْقَسْوَةِ وَالْغَفْلَةِ وَالْعَيْلَةِ وَالذِّلَّةِ وَالْمَسْكَنَةِ

আর আমি তোমার কাছে আশ্রয় চাই অন্তর কঠিন হওয়া, উদাসীনতা, অভাব, লাঞ্ছনা ও

وَاَعُوْذُ بِكَ مِنَ الْفَقْرِ وَالْكُفْرِ وَالْفُسُوْقِ وَالشِّقَاقِ وَالسُّمْعَةِ

পরমুখাপেক্ষিতা থেকে। আমি তোমার কাছে আশ্রয় চাই দারিদ্রতা, কুফরী, পাপাচার,

وَالرِّيَآءِ وَاَعُوْذُ بِكَ مِنَ الصَّمَمِ وَالْبَكَمِ وَالْبَرَصِ وَالْجُنُوْنِ

বিরোধিতা, সুনাম ও লোকদেখানো ইবাদত থেকে এবং আমি তোমার কাছে আশ্রয় চাই

وَالْجُذَامِ وَسَيِّءِ الْاَسْقَامِ (المستدرك، ١: ٧١٢)

বধিরতা, বোবা, পাগলামী, কুষ্টরোগ ও অন্যান্য খারাপ রোগ থেকে।

(١٢) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ بِعِزَّتِكَ لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ اَنْ تُضِلَّنِىْ، اَنْتَ

হে আল্লাহ! আমি তোমার কাছে তোমার ইজ্জতের অসীলায় আশ্রয় চাই আমাকে পথভ্রষ্ট

الْحَىُّ الَّذِىْ لَا يَمُوْتُ وَالْجِنُّ وَالْاِنْسُ يَمُوْتُوْنَ (مسلم، ٢: ٣٤٩)

করা থেকে। তুমি ব্যতীত কোনো মা'বূদ নেই। তুমি চিরঞ্জীব সর্বদা স্থায়ী। পক্ষান্তরে জ্বিন ও মানুষ ধ্বংসশীল।

(١٣) اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ جُهْدِ الْبَلَآءِ وَدَرْكِ الشَّقَآءِ وَسُوْٓءِ

হে আল্লাহ! আমি বিপদের কষ্ট, দুর্ভাগ্যের আক্রমণ, ভাগ্যের মন্দতা ও বিপদে শত্রুর

الْقَضَآءِ وَشَمَاتَةِ الْاَعْدَآءِ (البخارى، ٢: ٣٩٣)

হাঁসি থেকে তোমার আশ্রয় চাই।

(١٤) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا عَلِمْتُ وَمِنْ شَرِّ مَا لَمْ اَعْلَمْ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই যাবতীয় অনিষ্ট থেকে যা আমি জানি আর যা আমি জানি না।

(١٥) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَمِنْ شَرِّ مَا لَمْ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই যা আমি করেছি আর যা আমি করিনি এমন

اَعْمَلْ (مسلم، ٢: ٣٤٩)

যাবতীয় জিনিসের অনিষ্ট থেকে।

(١٦) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ وَتَحَوُّلِ عَافِيَتِكَ

হে আল্লাহ! আমি তোমার পানাহ চাই (আমার প্রতি) তোমার নেয়ামতের হ্রাসপাপ্তি, তোমার

وَفُجَآءَةِ نِقْمَتِكَ وَجَمِيْعِ سَخَطِكَ (مسلم، ٢: ٣٥٢)

শান্তির বিবর্তন, তোমার শান্তির হঠাৎ আক্রমণ এবং তোমার সমস্ত অসন্তোষ থেকে।

(١٧) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ سَمْعِيْ وَمِنْ شَرِّ بَصَرِيْ وَمِنْ

হে আল্লাহ! আমি তোমার নিকট পানাহ চাই আমার কানের অপকারিতা, চোখের

شَرِّ لِسَانِيْ وَمِنْ شَرِّ قَلْبِيْ وَمِنْ شَرِّ مَنِيِّيْ (الترمذى، ٢: ١٧٨)

অপকারিতা, জিহ্বার অপকারিতা, মনের অপকারিতা এবং আমার বীর্যের (লজ্জাস্থানের) অপকারিতা থেকে।

(١٨) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنَ الْهَدَمِ وَاَعُوْذُ بِكَ مِنَ التَّرَدِّيْ

হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই (আমার উপর) কিছু ধসে পড়া থেকে,

وَاَعُوْذُ بِكَ مِنَ الْغَرَقِ وَالْحَرَقِ وَاَعُوْذُ بِكَ مِنْ اَنْ يَّتَخَبَّطَنِيَ

উপর থেকে পড়ে যাওয়া থেকে, পানিতে ডুবা থেকে, আগুনে পোড়া থেকে, মৃত্যুকালে

الشَّيْطَانُ عِنْدَ الْمَوْتِ وَاَعُوْذُ بِكَ مِنْ اَنْ اَمُوْتَ فِيْ سَبِيْلِكَ مُدْبِرًا

শয়তানের আমাকে গুমরাহ করা থেকে, তোমার রাস্তায় আমার পিঠ দিয়ে মৃত্যুবরণ

وَّاَعُوْذُ بِكَ مِنْ اَنْ اَمُوْتَ لَدِيْغًا (ابو داود، ١: ٢١٦)

(জেহাদ থেকে পলায়ন) থেকে এবং আমার দংশিত হয়ে মারা যাওয়া থেকে।

(١٩) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُبِكَ مِنْ مُّنْكَرَاتِ الْاَخْلَاقِ وَالْاَعْمَالِ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই অপছন্দনীয় চরিত্র, মন্দ আমল, খেয়াল-খুশির

وَالْاَهْوَآءِ وَالْاَدْوَآءِ (كنز العمال، ٢: ١٨٦)

অনুসরণ এবং সকল প্রকার রোগ থেকে।

(٢٠) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ مِنْ خَيْرِ مَا سَاَلَكَ مِنْهُ نَبِيُّكَ مُحَمَّدٌ

হে আল্লাহ! আমি তোমার কাছে ওই সকল মঙ্গল প্রার্থনা করছি যা তোমার কাছে

صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَاَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا اسْتَعَاذَكَ مِنْهُ

তোমার নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রার্থনা করেছেন। আমি তোমার

نَبِيُّكَ مُحَمَّدٌ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاَنْتَ الْمُسْتَعَانُ وَعَلَيْكَ

আশ্রয় প্রার্থনা করছি ওই সকল অমঙ্গল থেকে যার থেকে তোমার নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমার আশ্রয় প্রার্থনা করেছেন। তুমিই একমাত্র

الْبَلَاغُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ (الترمذى، ٢: ١٩٢)

সাহায্যকারী এবং তোমার জিম্মায় শুধু পৌঁছানো। আল্লাহর ক্ষমতা ও শক্তি ব্যতীত অন্য কোন ক্ষমতা ও শক্তি নেই।

(٢١) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُبِكَ مِنْ جَارِ السُّوْٓءِ فِيْ دَارِ الْمُقَامَةِ فَاِنَّ جَارَ

হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই বসবাসের স্থানে মন্দ প্রতিবেশী থেকে।

الْبَادِيَةِ يَتَحَوَّلُ وَمِنَ الْجُوْعِ فَاِنَّهٗ بِئْسَ الضَّجِيْعُ وَمِنَ الْخِيَانَةِ

কেননা সফরের প্রতিবেশী চলে যায় (আর বসবাসের প্রতিবেশী দীর্ঘদিন কষ্ট দেয়)। আমি তোমার আশ্রয় চাই ক্ষুধা থেকে। কেননা এটা মানুষের খারাপ সঙ্গী এবং আমি

فَاِنَّهَا بِئْسَتِ الْبِطَانَةُ (المستدرك، ١: ٧١٤)

তোমার আশ্রয় চাই বিশ্বাসঘাতকতা থেকে, কেননা এটা মানুষের খারাপ স্বভাব।

(٢٢) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُبِكَ مِنْ عِلْمٍ لَّا يَنْفَعُ وَقَلْبٍ لَّا يَخْشَعُ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই এমন ইলম থেকে যা (আত্মার) উপকারে আসে না। এমন অন্তর থেকে যা (আল্লাহকে) ভয় করে না। এমন দু'আ থেকে যা

وَدُعَآءٍ لَّا يُسْمَعُ وَنَفْسٍ لَّا تَشْبَعُ وَمِنْ هٰؤُلَآءِ الْاَرْبَعِ (المستدرك، ١: ٧١٦)

কবুল হয় না। এমন মন থেকে যা কখনও পরিতৃপ্ত হয় না। এ চারটি জিনিস থেকে তোমার আশ্রয় চাই।

(٢٣) اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُبِكَ اَنْ نَّرْجِعَ عَلٰى اَعْقَابِنَآ اَوْ نُفْتَنَ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই কুফরীর দিকে ফিরে যাওয়া থেকে এবং দ্বীনের

عَنْ دِيْنِنَا (البخارى، ٢: ٩٧٥)

ব্যাপারে ফেতনায় পতিত হওয়া থেকে।

(٢٤) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُبِكَ مِنْ يَّوْمِ السُّوْٓءِ وَمِنْ لَّيْلَةِ السُّوْٓءِ وَمِنْ

হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাই মন্দ দিন থেকে, তোমার আশ্রয় চাই মন্দ

سَاعَةِ السُّوْٓءِ وَمِنْ صَاحِبِ السُّوْٓءِ وَمِنْ جَارِ السُّوْٓءِ فِىْ دَارِ

রাত থেকে, তোমার আশ্রয় চাই মন্দ সময় থেকে এবং তোমার আশ্রয় চাই বসবাসের

الْمُقَامَةِ (المعجم الكبير، ١٧: ٢٩٤)

স্থানে মন্দ প্রতিবেশী থেকে।

(٢٥) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُبِكَ مِنَ الشِّقَاقِ وَالنِّفَاقِ وَسُوْٓءِ الْاَخْلَاقِ

(ابو داود، ١: ٢١٦)

হে আল্লাহ! আমি তোমার নিকট সত্যের বিরুদ্ধাচরণ, নেফাক এবং কুচরিত্র থেকে পানাহ চাই।

(٢٦) اَللّٰهُمَّ اغْفِرْ لِىْ جِدِّىْ وَهَزْلِىْ وَخَطَئِىْ وَعَمَدِىْ وَكُلُّ ذٰلِكَ

হে আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও যা আমি ইচ্ছাকৃত ও হাঁসি-তামাশার ছলে করেছি।

عِنْدِىْ (مسلم، ٢: ٣٤٩)

ভুলবশত বা জেনেশুনে করেছি এবং ওইসব গুনাহ যা আমার মধ্যে বিদ্যমান।

(٢٧) اَللّٰهُمَّ مُصَرِّفَ الْقُلُوْبِ صَرِّفْ قُلُوْبَنَا عَلٰى طَاعَتِكَ (مسلم، ٢: ٣٣٥)

হে আল্লাহ! আমাদের অন্তরকে তোমার আনুগত্যের দিকে ফিরেয়ে দাও।

(٢٨) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ الْهُدٰى وَالتُّقٰى وَالْعَفَافَ وَالْغِنٰى (مسلم، ٢: ٣٥٠)

হে আল্লাহ! আমি তোমার নিকট হেদায়েত, পরহেযগারী, গুনাহ থেকে বেঁচে থাকা এবং মানুষ থেকে অমুখাপেক্ষীতা (সম্পদের প্রাচুর্যতা) প্রার্থনা করছি।

(٢٩) رَبِّ اَعِنِّىْ وَلَا تُعِنْ عَلَىَّ وَانْصُرْنِىْ وَلَا تَنْصُرْ عَلَىَّ وَامْكُرْ لِىْ

হে আল্লাহ! আমাকে সাহায্য করো, আমার বিরুদ্ধে কাউকে সাহায্য করো না। আমাকে জয়ী করো, আমার বিরুদ্ধে কাউকে জয়ী করো না। আমার জন্য কৌশল করো, আমার

وَلَا تَمْكُرْ عَلَىَّ وَاهْدِنِى الْهُدٰى وَيَسِّرِ الْهُدٰى لِىْ وَانْصِرْنِىْ عَلٰى مَنْ

বিরুদ্ধে কারও জন্য কৌশল করো না। আমাকে সোজা পথ দেখাও। হেদায়েতের পথ আমার জন্য সহজ করে দাও। যে আমার উপর জুলুম করে তার মোকাবেলায় আমাকে

بَغٰى عَلَىَّ رَبِّ اجْعَلْنِىْ لَكَ ذَكَّارًا لَكَ شَكَّارًا لَكَ رَهَّابًا لَكَ مِطْوَاعًا

সাহায্য করো। হে আল্লাহ! আমাকে তোমার অধিক যিকিরকারী, অধিক শুকরিয়া আদায়কারী, তোমার অধিক ভীত, তোমার অধিক অনুগত, তোমার অধিক বিনয়ী,

لَكَ مُخْبِتًا اِلَيْكَ اَوَّاهًا مُّنِيْبًا، رَبِّ تَقَبَّلْ تَوْبَتِىْ وَاغْسِلْ حَوْبَتِىْ

ক্রন্দনসহ তোমার দিকে প্রত্যাবর্তনকারী বানাও। হে আল্লাহ! আমার তওবা কবুল

وَاَجِبْ دَعْوَتِىْ وَثَبِّتْ حُجَّتِىْ وَسَدِّدْ لِسَانِىْ وَاهْدِ قَلْبِىْ وَاسْلُلْ

করো। আমার গুনাহ ধুয়ে দাও। আমার দু'আ কবুল করো। আমার দলীলকে মজবুত করে দাও। আমার জবান সত্য রাখো। আমার অন্তরকে হেদায়েত দাও এবং আমার

سَخِيْمَةَ صَدْرِىْ (الترمذى، ٢: ١٩٥)

অন্তরের ময়লা (হিংসা-বিদ্বেষ) দূর করে দাও।

(٣٠) اَللّٰهُمَّ اغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَارْضَ عَنَّا وَتَقَبَّلْ مِنَّا وَاَدْخِلْنَا

হে আল্লাহ! তুমি আমাদেরকে ক্ষমা করো। আমাদের উপর দয়া করো। আমাদের প্রতি সন্তুষ্ট হয়ে যাও। আমাদেরকে জান্নাতে প্রবেশ করাও। জাহান্নাম থেকে নাজাত দাও।

الْجَنَّةَ وَنَجِّنَا مِنَ النَّارِ وَاَصْلِحْ لَنَا شَاْنَنَا كُلَّهٗ (ابن ماجه، ص ٢٧٢)

আর আমাদের সকল কাজ শুদ্ধ করে দাও।

(٣١) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ الثَّبَاتَ فِى الْاَمْرِ وَاَسْئَلُكَ عَزِيْمَةَ الرُّشْدِ

হে আল্লাহ! আমি তোমার কাছে দ্বীনের উপর স্থিরতা চাই। নেককাজের উপর দৃঢ়তা

وَاَسْئَلُكَ شُكْرَ نِعْمَتِكَ وَحُسْنَ عِبَادَتِكَ وَاَسْئَلُكَ لِسَانًا صَادِقًا

চাই। তোমার নেয়ামতের প্রতি শুকরিয়া জ্ঞাপন এবং উত্তমরূপে তোমার ইবাদত করার তাওফীক চাই। আমি তোমার কাছে সত্য জবান, সুস্থ অন্তর এবং উত্তম চরিত্র চাই।

وَقَلْبًا سَلِيْمًا وَخُلُقًا مُسْتَقِيْمًا وَاَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا تَعْلَمُ

তুমি যা জান তার ক্ষতি থেকে আশ্রয় চাই। তুমি যা জান তার কল্যাণ কামনা করি এবং

وَاَسْئَلُكَ مِنْ خَيْرِ مَا تَعْلَمُ وَاَسْتَغْفِرُكَ مِمَّا تَعْلَمُ اِنَّكَ اَنْتَ

আমার যেসব গুনাহ তোমার জানা আছে তা থেকে ক্ষমা চাই। নিশ্চয় তুমি সমস্ত গোপন

عَلَّامُ الْغُيُوْبِ (الترمذی، ٢: ١٧٨)

বিষয় জান।

(٣٢) اَللّٰهُمَّ اَلِّفْ بَيْنَ قُلُوْبِنَا وَاَصْلِحْ ذَاتَ بَيْنِنَا وَاهْدِنَا سُبُلَ

হে আল্লাহ! আমাদের অন্তরে মহব্বত সৃষ্টি করে দাও। পরস্পরে সুসম্পর্ক করে দাও।

السَّلَامِ وَنَجِّنَا مِنَ الظُّلُمَاتِ اِلَى النُّوْرِ وَجَنِّبْنَا الْفَوَاحِشَ مَا ظَهَرَ

আমাদেরকে শান্তির পথ দেখিয়ে দাও। আমাদেরকে অন্ধকার হতে আলোর দিকে পরিত্রাণ দান করো। প্রকাশ্য-অপ্রকাশ্য সকল খারাপ কাজ থেকে আমাদের দূরে রাখো।

مِنْهَا وَمَا بَطَنَ وَبَارِكْ لَنَا فِيْ اَسْمَاعِنَا وَاَبْصَارِنَا وَقُلُوْبِنَا وَاَزْوَاجِنَا

বরকত দাও আমাদের শ্রবণ শক্তিতে, দৃষ্টি শক্তিতে, আমাদের অন্তরে, আমাদের

وَذُرِّيَّاتِنَا وَتُبْ عَلَيْنَا اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ وَاجْعَلْنَا

স্ত্রীগণের মধ্যে ও সন্তান-সন্ততির মধ্যে। আমাদের তাওবা কবুল করো। নিশ্চয় তুমি তওবা কবুলকারী ও মেহেরবান। আমাদেরকে তোমার নেয়ামতের শুক্রিয়া

شَاكِرِيْنَ لِنِعْمَتِكَ مُثْنِيْنَ بِهَا قَابِلِيْهَا وَاَتِمَّهَا عَلَيْنَا (ابو داود، ١: ١٣٩)

আদায়কারীদের অন্তর্ভুক্ত করো।

(٣٣) اَللّٰهُمَّ اقْسِمْ لَنَا مِنْ خَشْيَتِكَ مَا تَحُوْلُ بِهٖ بَيْنَنَا وَبَيْنَ

হে আল্লাহ! তুমি আমাদেরকে ওই পরিমাণ তোমার ভয় দান করো যা দ্বারা তুমি

مَعَاصِيْكَ وَمِنْ طَاعَتِكَ مَا تُبَلِّغُنَا بِهٖ جَنَّتَكَ وَمِنَ الْيَقِيْنِ مَا

আমাদের মধ্যে ও তোমার নাফরমানীর মধ্যে বাধা সৃষ্টি করবে। ওই পরিমাণ তোমার আনুগত্য দান করো যা দ্বারা তুমি আমাদেরকে তোমার জান্নাতে পৌঁছাবে। ওই পরিমাণ

تُهَوِّنُ بِهٖ عَلَيْنَا مَصَآئِبَ الدُّنْيَا وَمَتِّعْنَا بِاَسْمَاعِنَا وَاَبْصَارِنَا

তোমার প্রতি বিশ্বাস দান করো যা দ্বারা তুমি আমাদের প্রতি দুনিয়ার বিপদসমূহ সহজ করে দিবে। (হে আল্লাহ!) যতদিন আমাদেরকে বাঁচিয়ে রাখ আমাদের উপকার সাধিত

وَقُوَّتِنَا مَآ اَحْيَيْتَنَا وَاجْعَلْهُ الْوَارِثَ مِنَّا وَاجْعَلْ ثَاْرَنَا عَلٰى

করো, আমাদের কানের দ্বারা। চোখের দ্বারা ও আমাদের শক্তির দ্বারা। আমাদের উত্তরাধিকারী বাকি রাখো। আমাদের প্রতিশোধকে সীমাবদ্ধ রাখো তাদের প্রতি যারা

مَنْ ظَلَمَنَا وَانْصُرْنَا عَلٰى مَنْ عَادَانَا وَلَا تَجْعَلْ مُصِيْبَتَنَا فِيْ دِيْنِنَا

আমাদের প্রতি জুলুম করেছে এবং আমাদের সাহায্য করো তাদের বিরুদ্ধে যারা আমাদের সাথে শত্রুতা করেছে। আমাদের দ্বীন সম্পর্কে আমাদেরকে কোন বিপদে

وَلَا تَجْعَلِ الدُّنْيَا اَكْبَرَ هَمِّنَا وَلَا مَبْلَغَ عِلْمِنَا وَلَا تُسَلِّطْ عَلَيْنَا

ফেলো না এবং দুনিয়াকে আমাদের প্রধান চিন্তার বিষয় ও জ্ঞানের পরিসীমা করো না।

مَنْ لَّا يَرْحَمُنَا (الترمذی، ٢: ١٨٨)

আর তাদেরকে আমাদের প্রতি চাপিয়ে দিও না যারা আমাদের প্রতি দয়া করবে না।

(٣٤) اَللّٰهُمَّ زِدْنَا وَلَا تَنْقُصْنَا وَاَكْرِمْنَا وَلَا تُهِنَّا وَاَعْطِنَا

হে আল্লাহ! আমাদেরকে (কল্যাণকর জিনিসসমূহ) বাড়িয়ে দাও, কমিয়ে দিও না। আমাদেরকে সম্মানিত করো, লাঞ্ছিত করো না। আমাদেরকে দান করো, বঞ্চিত করো

وَلَا تَحْرِمْنَا وَاٰثِرْنَا وَلَا تُؤْثِرْ عَلَيْنَا وَاَرْضِنَا عَنْكَ وَارْضَ

না। আমাদেরকে প্রাধান্য দাও, আমাদের উপর অন্য কাউকে প্রাধান্য দিও না।

عَنَّا (الترمذی، ٢: ١٥٠)

আমাদেরকে সন্তুষ্ট করো এবং আমাদের প্রতি সন্তুষ্ট হয়ে যাও।

(٣٥) اَللّٰهُمَّ اَلْهِمْنِىْ رُشْدِىْ وَاَعِذْنِىْ مِنْ شَرِّ نَفْسِىْ (الترمذى، ٢: ١٨٦)

হে আল্লাহ! আমার অন্তরে হেদায়েত ঢেলে দাও এবং আমাকে আমার অন্তরের অনিষ্ট থেকে আশ্রয় দাও।

(٣٦) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ فِعْلَ الْخَيْرَاتِ وَتَرْكَ الْمُنْكَرَاتِ وَحُبَّ

হে আল্লাহ! আমি তোমার কাছে ভালো কাজ করার ও মন্দ কাজ থেকে বিরত থাকার

الْمَسَاكِيْنَ وَاَنْ تَغْفِرَ لِىْ وَتَرْحَمَنِىْ وَاِذَآ اَرَدْتَّ بِقَوْمٍ فِتْنَةً فَتَوَفَّنِىْ

এবং গরীব মিসকীনদেরকে ভালোবাসার তাওফীক প্রার্থনা করছি। আমাকে ক্ষমা করো, আমার প্রতি রহম করো এবং যখন তুমি কোন জনগোষ্ঠীকে ফেতনায় ফেলতে চাইবে,

غَيْرَ مَفْتُوْنٍ، اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُحِبُّكَ وَالْعَمَلِ

তখন আমাকে ফেতনামুক্ত অবস্থায় উঠিয়ে নিও। আমি তোমার নিকট তোমার ভালোবাসা, তোমাকে যে ভালোবাসে তার ভালোবাসা এবং প্রত্যেক ওই কাজের

الَّذِىْ يُبَلِّغُنِىْ حُبَّكَ (الترمذى، ١: ٧٠٨)

ভালোবাসা চাই যা আমাকে তোমার ভালোবাসার দিকে অগ্রসর করে দিবে।

(٣٧) اَللّٰهُمَّ اجْعَلْ حُبَّكَ اَحَبَّ اِلَىَّ مِنْ نَّفْسِىْ وَاَهْلِىْ وَمِنَ الْمَآءِ

হে আল্লাহ! তোমার ভালবাসাকে আমার কাছে আমার জান, আমার পরিজন এবং ঠাণ্ডা

الْبَارِدِ (الترمذى، ٢: ١٨٦)

পানির চেয়েও অধিক প্রিয় করে দাও।

(٣٨) اَللّٰهُمَّ ارْزُقْنِىْ حُبَّكَ وَحُبَّ مَنْ يَّنْفَعُنِىْ حُبُّهٗ عِنْدَكَ،

হে আল্লাহ! আমাকে তোমার ভালোবাসা দান করো এবং ওই ব্যক্তির ভালোবাসা যার ভালোবাসা তোমার দরবারে আমার উপকারে আসবে। হে আল্লাহ! তুমি যেভাবে

اَللّٰهُمَّ فَكَمَا رَزَقْتَنِىْ مِمَّآ اُحِبُّ فَاجْعَلْهُ قُوَّةً لِّىْ فِيْمَا تُحِبُّ، اَللّٰهُمَّ

আমাকে আমার প্রিয় নেয়ামত দান করেছ তেমনিভাবে তোমার সন্তুষ্টির জন্য তা ব্যয় করার শক্তি দান করো। হে আল্লাহ! আমাকে আমার প্রিয় যেসব জিনিস দাওনি তোমার

وَمَا زَوَيْتَ عَنِّىْ مِمَّآ اُحِبُّ فَاجْعَلْهُ فَرَاغًا لِّىْ فِيْمَا تُحِبُّ (الترمذى، ٢: ١٨٧)

সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে তার আকাঙ্খা আমার অন্তর থেকে বের করে দাও।

(٣٩) يَا مُقَلِّبَ الْقُلُوْبِ ثَبِّتْ قَلْبِىْ عَلٰى دِيْنِكَ (الترمذى، ٢: ٣٥)

হে অন্তর পরিবর্তনকারী! আমার অন্তরকে তোমার দ্বীনের পথে সুদৃঢ় রাখো।

(٤٠) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ اِيْمَانًا لَّا يَرْتَدُّ وَنَعِيْمًا لَّا يَنْفَدُ وَمُرَافَقَةَ

হে আল্লাহ! আমি তোমার নিকট এমন ঈমান চাই যা কখনও পরিবর্তন হয় না। এমন

نَبِيِّنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَ سَلَّمَ فِىْٓ اَعْلٰى دَرَجَةِ الْجَنَّةِ جَنَّةِ

নেয়ামত চাই যা কখনও শেষ হয় না এবং উচ্চ শ্রেণী ও চিরস্থায়ী জান্নাতে রসূলুল্লাহ

الْخُلْدِ (المستدرك، ١: ٧٠٧)

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথী হতে চাই।

(٤١) اَللّٰهُمَّ انْفَعْنِىْ بِمَا عَلَّمْتَنِىْ وَعَلِّمْنِىْ مَا يَنْفَعُنِىْ وَزِدْنِىْ عِلْمًا،

হে আল্লাহ! তুমি আমাকে যে ইলম দান করেছ তা দ্বারা আমাকে উপকৃত করো। আমাকে এমন ইলম দান করো যা আমার উপকারে আসবে এবং আমার ইলম বৃদ্ধি

اَلْحَمْدُ لِلّٰهِ عَلٰى كُلِّ حَالٍ وَّاَعُوْذُ بِاللّٰهِ مِنْ حَالِ اَهْلِ النَّارِ (الترمذى، ٢: ٢٠٠)

করে দাও। প্রত্যেক অবস্থায় আল্লাহর শোকর (প্রশংসা) এবং আমি আল্লাহর নিকট পানাহ চাই দোযখবাসীদের অবস্থা থেকে।

(٤٢) اَللّٰهُمَّ بِعِلْمِكَ الْغَيْبَ وَقُدْرَتِكَ عَلَى الْخَلْقِ اَحْيِنِىْ مَا

হে আল্লাহ! তোমার ইলমে গায়বের বরকত ও মাখলুকের উপর তোমার ক্ষমতার

عَلِمْتَ الْحَيَاةَ خَيْرًا لِّىْ وَتَوَفَّنِىْٓ اِذَا عَلِمْتَ الْوَفَاةَ خَيْرًا لِّىْ وَاَسْئَلُكَ

অসীলায় আমাকে জীবিত রাখো, যতদিন বেঁচে থাকা আমার জন্য কল্যাণকর হয়। আর তখন আমাকে উঠিয়ে নাও, যখন আমার জন্য মৃত্যু কল্যাণকর হবে। হে আল্লাহ!

خَشْيَتَكَ فِى الْغَيْبِ وَالشَّهَادَةِ وَكَلِمَةَ الْاِخْلَاصِ فِى الرِّضَآءِ

গোপনে ও দৃশ্যে তোমাকে ভয় করার তাওফীক চাই এবং চাই সন্তুষ্ট ও অসন্তুষ্ট অবস্থায়

وَالْغَضَبِ وَاَسْئَلُكَ الْقَصْدَ فِى الْفَقْرِ وَالْغِنٰى وَاَسْئَلُكَ نَعِيْمًا لَّا

ইখলাসের কথা। আরও চাই স্বচ্ছল ও অস্বচ্ছল অবস্থায় মিতব্যয়িতা এবং এমন

يَنْفَدُ وَقُرَّةَ عَيْنٍ لَّا تَنْقَطِعُ وَاَسْئَلُكَ الرِّضَآءَ بِالْقَضَآءِ وَبَرْدَ

নেয়ামত যা কখনও শেষ হবে না। চোখের এমন শীতলতা যা কখনও ফুরাবে না। তোমার ফয়সালার (তাকদীরের) প্রতি সন্তুষ্টি। মৃত্যুর পরে আরামের জীবন। তোমার

الْعَيْشِ بَعْدَ الْمَوْتِ وَلَذَّةَ النَّظَرِ اِلٰى وَجْهِكَ وَالشَّوْقَ اِلٰى لِقَآئِكَ

নূরানী চেহারা দিদারের স্বাদ ও তোমার সাক্ষাতের আগ্রহ। আমি তোমার আশ্রয় চাই

وَاَعُوْذُ بِكَ مِنْ ضَرَّآءَ مُضِرَّةٍ وَّفِتْنَةٍ مُّضِلَّةٍ (النسائى، ١: ١٤٦)

ক্ষতিকর বিপদ থেকে ও গোমরাহকারী ফেতনা থেকে।

(٤٣) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ مِنَ الْخَيْرِ كُلِّهٖ عَاجِلِهٖ وَاٰجِلِهٖ مَا عَلِمْتُ

হে আল্লাহ! আমি তোমার কাছে বর্তমান ও ভবিষ্যতের, যা আমি জানি এবং যা জানি না

مِنْهُ وَمَا لَمْ اَعْلَمْ، وَاَعُوْذُ بِكَ مِنَ الشَّرِّ كُلِّهٖ عَاجِلِهٖ وَاٰجِلِهٖ مَا

সকল প্রকারের কল্যাণ চাই। আর আমি তোমার আশ্রয় চাই বর্তমান ও ভবিষ্যতের, যা

عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ اَعْلَمْ، اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ الْجَنَّةَ وَمَا قَرَّبَ

আমি জানি এবং যা জানি না সকল প্রকারের অনিষ্ট থেকে। হে আল্লাহ! আমি তোমার

مِنْهُ مَا نَسِيْتُ وَعَلِّمْنِيْ مِنْهُ مَا جَهِلْتُ وَارْزُقْنِيْ تِلَاوَتَهٗ اٰنَآءَ اللَّيْلِ

কুরআন মাজীদের যা ভুলে গিয়েছি তা আমাকে স্মরণ করিয়ে দাও এবং আমাকে শিখিয়ে দাও যা আমি জানি না। আমাকে দিবা-নিশি কুরআন মাজীদ তেলাওয়াত করার

وَاٰنَآءَ النَّهَارِ وَاجْعَلْهُ لِيْ حُجَّةً يَّا رَبَّ الْعَالَمِيْنَ

তাওফীক দান করো এবং কুরআনকে আমার পক্ষে দলীল (আখিরাতে ঈমান, আমল ও নাজাতের প্রমাণ) বানিয়ে দাও হে জগতসমূহের মালিক!

(٤٠) اَللّٰهُمَّ اَنَا عَبْدُكَ وَابْنُ عَبْدِكَ وَابْنُ اَمَتِكَ، نَاصِيَتِيْ

হে আল্লাহ! আমি তোমার গোলাম, তোমার গোলামের সন্তান এবং তোমার বাঁদীর

بِيَدِكَ اَتَقَلَّبُ فِيْ قَبْضَتِكَ وَاُصَدِّقُ بِلِقَآئِكَ وَاُوْمِنُ بِوَعْدِكَ

সন্তান। আমার কপাল (ভাগ্য) তোমারই হাতে। আমি চলাফেরা করি তোমার ইচ্ছায়। তোমার সাক্ষাতকে সত্য মনে করি। তোমার ওয়াদার উপর বিশ্বাস রাখি। তুমি আমাকে

اَمَرْتَنِيْ فَعَصَيْتُ وَنَهَيْتَنِيْ فَاَبَيْتُ هٰذَا مَكَانُ الْعَآئِذِ بِكَ مِنَ

আদেশ করেছ কিন্তু আমি নাফরমানী করেছি। তুমি আমাকে নিষেধ করেছ কিন্তু আমি

النَّارِ، لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحَانَكَ ظَلَمْتُ نَفْسِيْ فَاغْفِرْ لِيْ اِنَّهٗ لَا

আমান্য করেছি। এ হলো জাহান্নাম থেকে আশ্রয় কামনাকারী বান্দার অবস্থা। তুমি ছাড়া কোনো মা'বূদ নেই। তুমি পবিত্র। আমি নিজের উপর জুলুম করেছি। সুতরাং আমাকে

يَغْفِرُ الذُّنُوْبَ اِلَّآ اَنْتَ

মাফ করে দাও। নিশ্চয় তুমি ছাড়া কেউ গুনাহ মাফ করতে পারে না।

(٤١) اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ وَاِلَيْكَ الْمُشْتَكٰى وَبِكَ الْمُسْتَغَاثُ وَاَنْتَ

হে আল্লাহ! সমস্ত প্রশংসা তোমার জন্য। তোমার নিকট অভিযোগ পেশ করছি। তোমার কাছে ফরিয়াদ করছি। তোমার কাছে সাহায্য প্রার্থনা করছি। তুমিই সাহায্যকারী।

الْمُسْتَعَانُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

আল্লাহর শক্তি ছাড়া কারও কোনো শক্তি ও সামর্থ নেই।

(٤٢) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ بِمُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيِّكَ

হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি তোমার নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি

وَاِبْرَاهِيْمَ خَلِيْلِكَ وَمُوْسٰى نَجِيِّكَ وَعِيْسٰى رُوْحِكَ وَكَلِمَتِكَ

ওয়া সাল্লাম এর অসীলায়। তোমার দোস্ত ইবরাহীম আ., তোমার সাথে আলাপকারী মুসা আ., তোমার পক্ষ থেকে প্রেরিত রূহ ও কালিমা হযরত ঈসা আ. এর অসীলায়।

وَبِكَلَامِ مُوْسٰى وَاِنْجِيْلِ عِيْسٰى وَزَبُوْرِ دَاوٗدَ وَفُرْقَانِ سَيِّدِنَا

মূসা আ. এর সাথে কথা, ঈসা আ. এর ইঞ্জিল, দাউদ আ. এর যাবূর এবং মুহাম্মাদ

مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِكُلِّ وَحْيٍ اَوْحَيْتَهٗٓ اَوْ قَضَآءٍ قَضَيْتَهٗٓ

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কুরআন ও তোমার প্রেরিত সমস্ত অহীর অসিলায়।

اَوْ سَآئِلٍ اَعْطَيْتَهٗٓ اَوْ فَقِيْرٍ اَغْنَيْتَهٗٓ اَوْ غَنِيٍّ اَفْقَرْتَهٗٓ اَوْ ضَالٍّ هَدَيْتَهٗ

তোমার প্রদত্ত আদেশের অসিলায় বা ভিক্ষুককে যা দান করেছ বা দরিদ্র যাকে ধনি করেছ বা ধনি যাকে দরিদ্র করেছ বা পথহারা যাকে পথ দেখিয়েছ তাদের অসিলায়।

وَاَسْئَلُكَ بِاسْمِكَ الَّذِيْٓ اَنْزَلْتَهٗ عَلٰى مُوْسٰى وَاَسْئَلُكَ بِاسْمِكَ الَّذِيْ

তোমার ওই নামের অসিলায় যা তুমি মূসা আ. এর উপর অবতীর্ণ করেছ। তোমার ওই

وَضَعْتَهٗ عَلَى الْاَرْضِ فَاسْتَقَرَّتْ وَعَلَى السَّمٰوٰتِ فَاسْتَقَلَّتْ وَعَلَى

নামের অসিলায় যা তুমি জমিনের উপর রেখেছ ফলে জমিন স্থির হয়েছিল। আসমানের

الْجِبَالِ فَرَسَتْ وَاَسْئَلُكَ بِاسْمِكَ الَّذِى اسْتَقَرَّ بِهٖ عَرْشُكَ

উপর রেখেছ ফলে আসমান সোজা দাঁড়িয়েছিল। পাহাড়ের উপর রেখেছ ফলে পাহাড় স্থাপন হয়েছিল। তোমার ওই নামের অসিলায় প্রার্থনা করি যার বরকতে আরশ স্থীর

وَاَسْئَلُكَ بِاسْمِكَ الطَّاهِرِ الْمُطَهَّرِ الْمُنَزَّلِ فِىْ كِتَابِكَ مِنْ لَّدُنْكَ

আছে। তোমার ওই পাক ও পবিত্র নামের অসিলায় যা তুমি কিতাবে অবতীর্ণ করেছ।

وَبِاسْمِكَ الَّذِىْ وَضَعْتَهٗ عَلَى النَّهَارِ فَاسْتَنَارَ وَعَلَى اللَّيْلِ فَاَظْلَمَ

ওই নামের অসিলায় যা দিনের উপর রাখলে দিন আলোকিত হয়েছিল। রাতের উপর

وَبِعَظْمَتِكَ وَكِبْرِيَآئِكَ وَبِنُوْرِ وَجْهِكَ اَنْ تَرْزُقَنِىَ الْقُرْاٰنَ الْعَظِيْمَ

রাখলে রাত অন্ধকার হয়েছিল। তোমার মহত্ব, তোমার বড়ত্ব এবং তোমার নূরানী চেহারার অসিলায় প্রার্থনা করছি আমাকে কুরআনে কারীম দান করো। আমার গোশতে,

وَتُخْلِطَهٗ بِلَحْمِىْ وَدَمِىْ وَسَمْعِىْ وَبَصَرِىْ وَتَسْتَعْمِلَ بِهٖ جَسَدِىْ

রক্তে, কানে ও চোখে কুরআন শরীফ ছড়িয়ে দাও। তোমার শক্তি ও ক্ষমতা দ্বারা আমার

بِحَوْلِكَ وَقُوَّتِكَ فَاِنَّهٗ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِكَ

শরীরকে কুরআনের উপর আমলকারী বানাও। কেননা তোমার সাহায্য ব্যতীত কোনো শক্তি ও সামর্থ্য নেই।

(٤٣) بِسْمِ اللّٰهِ ذِى الشَّاْنِ عَظِيْمِ الْبُرْهَانِ شَدِيْدِ السُّلْطَانِ مَا

ওই আল্লাহর নামের বরকতে যিনি বড় সম্মানিত। মহা প্রমাণবাহী। শক্তিশালী ক্ষমতার

شَآءَ اللّٰهُ كَانَ اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ (كنز العمال، ٢: ٦٦٤)

অধিকারী। আল্লাহ যা চায় তাই হয়। আমি বিতাড়িত শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই।

(٤٤) اَللّٰهُمَّ بَارِكْ لِىْ فِى الْمَوْتِ وَفِيْمَا بَعْدَ الْمَوْتِ

[خَمْسًا وَّعِشْرِيْنَ مَرَّةً]

হে আল্লাহ! আমার মৃত্যুতে এবং মৃত্যুপরবর্তী জীবনে বরকত দান করো। (পশিচ বার)

(٤٥) اَللّٰهُمَّ لَا تُؤَمِّنَّا مَكْرَكَ وَلَا تُنْسِنَا ذِكْرَكَ وَلَا تَهْتِكْ عَنَّا

হে আল্লাহ! আমাদেরকে তোমার কৌশল সম্পর্কে নির্ভীক বানিও না। তোমার যিকির আমাদেরকে ভুলিয়ে দিও না। আমাদের দোষ থেকে তোমার পর্দা তুলে নিও না।

سِتْرَكَ وَلَا تَجْعَلْنَا مِنَ الْغَافِلِيْنَ (مسند الفردوس للديلمى، ر: ٢٠١٧)

আমাদেরকে উদাসীনদের অন্তর্ভুক্ত করো না।

(٤٦) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَعُوْذُ بِكَ مِنْ ضِيْقِ الدُّنْيَا وَضِيْقِ يَوْمِ الْقِيَامَةِ

(ابو داود، ٢: ٦٩٤)

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই দুনিয়া ও আখেরাতের সংকীর্ণতা থেকে।

(٤٧) اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ تَعْجِيْلَ عَافِيَتِكَ وَدَفْعَ بَلَآئِكَ وَخُرُوْجًا

হে আল্লাহ! আমি তোমার কাছে দ্রুত চাই তোমার ক্ষমা। বিপদাপদ থেকে মুক্তি।

مِّنَ الدُّنْيَا اِلٰى رَحْمَتِكَ (كنز العمال، ٢: ١٩٠)

দুনিয়া থেকে তোমার রহমতের দিকে প্রত্যাবর্তন (মৃত্যু)।

(٤٨) يَا مَنْ يَّكْفِىْ عَنْ كُلِّ اَحَدٍ وَّلَا يَكْفِىْ مِنْهُ اَحَدٌ، يَآ اَحَدَ مَنْ

হে ওই সত্তা যিনি সকলের জন্য যথেষ্ট! তার মোকাবেলায় কেউ যথেষ্ট নয়। হে একক

لَّا اَحَدَ لَهٗ، يَا سَنَدَ مَنْ لَّا سَنَدَ لَهٗٓ اِنْقَطَعَ الرَّجَآءُ اِلَّا مِنْكَ نَجِّنِىْ

সত্তা যার মোকাবেলায় কোনো একক সত্তা নেই। হে ওই সত্তা যিনি সকলের আশ্রয়স্থল যার কোনো আশ্রয়ের প্রয়োজন নেই। তুমি ব্যতীত সবার থেকে আমি নিরাশ। আমাকে

مِمَّآ اَنَا فِيْهِ وَاَعِنِّىْ عَلٰى مَآ اَنَا عَلَيْهِ مِمَّا نَزَلَ بِىْ بِجَاهِ وَجْهِكَ

বিপদ থেকে উদ্ধার করো এবং এ কঠিন সময়ে আমার সাহায্য করো। তোমার দয়ালু

الْكَرِيْمِ وَبِحَقِّ مُحَمَّدٍ عَلَيْكَ اٰمِيْنَ (كنز العمال، ٢: ١٢٠)

সত্তা এবং তোমার উপর মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর হকের অসীলায় আমি প্রার্থনা করছি। আমীন!

(٤٩) اَللّٰهُمَّ احْرُسْنِىْ بِعَيْنِكَ الَّتِىْ لَا تَنَامُ وَاكْنُفْنِىْ بِرُكْنِكَ

হে আল্লাহ! আমার তদারকি করো তোমার ওই চোখ দ্বারা যা ঘুমায় না। আমাকে

الَّذِىْ لَا يُرَامُ وَارْحَمْنِىْ بِقُدْرَتِكَ عَلَىَّ فَلَآ اَهْلِكُ وَاَنْتَ رَجَآئِىْ

তোমার ধারণাতীত শক্তির আশ্রয়ে নিয়ে নাও। আমার উপর তোমার প্রতিষ্ঠিত ক্ষমতার কারণে আমার প্রতি রহম করো। যাতে আমি ধ্বংস না হই। তুমিই আমার একমাত্র

فَكَمْ مِّنْ نِّعْمَةٍ اَنْعَمْتَ بِهَا عَلَىَّ قَلَّ لَكَ بِهَا شُكْرِىْ وَكَمْ مِّنْ

ভরসা। তুমি আমাকে কতই না নেয়ামত দিয়ে রেখেছ কিন্তু আমি তার শোকর আদায়

بَلِيَّةٍ ابْتَلَيْتَنِىْ بِهَا قَلَّ لَكَ بِهَا صَبْرِىْ فَيَا مَنْ قَلَّ عِنْدَ نَعْمَتِهٖ

করিনি। তুমি আমাকে বিপদ দিয়ে পরীক্ষা করেছ কিন্তু আমি ধৈর্যধারণ করিনি। হে ওই

شُكْرِىْ فَلَمْ يَحْرِمْنِىْ وَيَا مَنْ قَلَّ عِنْدَ بَلِيَّتِهٖ صَبْرِىْ فَلَمْ

সত্তা যার নেয়ামতের তুলনায় আমার শোকর নগণ্য! তবুও আমাকে বঞ্চিত করনি। হে

يَخْذُلْنِىْ وَيَا مَنْ رَاٰنِىْ عَلَى الْخَطَايَا فَلَمْ يَفْضَحْنِىْ. يَا ذَا الْمَعْرُوْفِ

ওই সত্তা যার বিপদের তুলনায় আমার ধৈর্য কম! তবুও আমাকে লাঞ্ছিত করনি। হে ওই

الَّذِىْ لَا يَنْقَضِىْ اَبَدًا وَّيَا ذَا النَّعْمَآءِ الَّتِىْ لَا تُحْصٰى اَبَدًا. اَسْئَلُكَ

সত্তা যিনি আমার গুনাহ দেখেও আমাকে অপমান করনি। হে অফুরন্ত কল্যাণের মালিক!

اَنْ تُصَلِّىَ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا

হে অগণিত নেয়ামতদাতা! আমি প্রার্থনা করছি তুমি রহমত বর্ষণ করো মুহাম্মাদ

مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِكَ اَدْرَاُ فِىْ نُحُوْرِ الْاَعْدَآءِ

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তার পরিবার-পরিজনের উপর। শুধু তোমার সাহায্যে

وَالْجَبَابِرَةِ (كنز العمال، ٢: ١٢٤)

আমি দুশমন ও জালেমদেরকে প্রতিহত করি।

(٥٠) اَللّٰهُمَّ اَعِنِّىْ عَلٰى دِيْنِىْ بِالدُّنْيَا وَعَلٰٓى اٰخِرَتِىْ بِالتَّقْوٰى

হে আল্লাহ! দুনিয়া দ্বারা আমাকে দ্বীনের ব্যাপারে সাহায্য করো। তাকওয়া দ্বারা

وَاحْفَظْنِىْ فِيْمَا غِبْتُ عَنْهُ وَلَا تَكِلْنِىْٓ اِلٰى نَفْسِىْ فِيْمَا حَضَرْتُهٗ يَا

আখেরাতে সাহায্য করো। আমার অনুপস্থিতিতে আমার কার্যাবলি হেফাযত করো। আমার উপস্থিতিতে আমার কার্যাবলি আমার উপর ন্যস্ত করো না। হে ওই সত্তা গুনাহ

مَنْ لَّا تَضُرُّهُ الذُّنُوْبُ وَلَا تَنْقُصُهُ الْمَغْفِرَةُ هَبْ لِىْ مَا لَا يَنْقُصُكَ

যার কোনো ক্ষতি করতে পারে না! ক্ষমা করলে যার কোনো বস্তু কম হয় না! আমাকে

وَاغْفِرْ لِىْ مَا لَا يَضُرُّكَ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ اَسْئَلُكَ فَرَجًا قَرِيْبًا

দান করো, কেননা এতে তোমার কোনো বস্তু কম হয় না। আমাকে মাফ করে দাও, কেননা এতে তোমার কোনো ক্ষতি নেই। নিশ্চয় তুমি বড় দাতা। আমি তোমার কাছে

وَّصَبْرًا جَمِيْلًا وَّرِزْقًا وَّاسِعًا وَّالْعَافِيَةَ مِنْ جَمِيْعِ الْبَلَآءِ وَاَسْئَلُكَ

চাই দ্রুত মুক্তি, উত্তম ধৈর্য, প্রশস্ত রিযিক এবং সকল বিপদাপদ থেকে মুক্তি। তোমার

تَمَامَ الْعَافِيَةِ وَاَسْئَلُكَ دَوَامَ الْعَافِيَةِ وَاَسْئَلُكَ الشُّكْرَ عَلَى

কাছে পরিপূর্ণ ও সর্বদার জন্য ক্ষমা চাই। আরও চাই ক্ষমার জন্য তোমার শোকর

الْعَافِيَةِ وَاَسْئَلُكَ الْغِنٰى عَنِ النَّاسِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

আদায় করার তাওফীক এবং মানুষের থেকে অমুখাপেক্ষীতা। সমুচ্চ ও মহান আল্লাহ

الْعَلِىِّ الْعَظِيْمِ

ব্যতীত কারও কোনো শক্তি ও সামর্থ নেই।

(٥١) يَا رَبِّ يَا رَبِّ يَا رَبِّ

হে আমার প্রতিপালক! হে আমার প্রতিপালক! হে আমার প্রতিপালক!

— ৬ —

ষষ্ঠ মনযিল (বৃহস্পতিবার)
اَلْمَنْزِلُ السَّادِسُ فِيْ يَوْمِ الْخَمِيْسِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

॥ পরম করুণাময়, অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি ॥

(١) اَللّٰهُمَّ يَا كَبِيْرُ يَا سَمِيْعُ يَا بَصِيْرُ يَا مَنْ لَّا شَرِيْكَ لَهٗ وَلَا وَزِيْرَ

হে আল্লাহ! হে সবশ্রেষ্ঠ! হে সর্বশ্রোতা! হে সর্বদ্রষ্টা! হে ওই সত্তা যার কোনো শরীক

لَهٗ وَيَا خَالِقَ الشَّمْسِ وَالْقَمَرِ الْمُنِيْرِ وَيَا عِصْمَةَ الْبَآئِسِ الْخَآئِفِ

নেই; সহযোগী নেই। হে আলো দানকারী চন্দ্র ও সূর্যের সৃষ্টিকারী! হে আশ্রয় গ্রহণকারী

الْمُسْتَجِيْرِ وَيَا رَازِقَ الطِّفْلِ الصَّغِيْرِ وَيَا جَابِرَ الْعَظْمِ الْكَسِيْرِ

ভীত-প্রার্থনাকারীর আশ্রয়স্থল! হে ছোট্ট শিশুর রিযিকদাতা! হে ভাঙ্গা হাড়ের

اَدْعُوْكَ دُعَآءَ الْبَآئِسِ الْفَقِيْرِ كَدُعَآءِ الْمُضْطَرِّ الضَّرِيْرِ، اَسْئَلُكَ

জোড়াদানকারী! আমি আপনাকে ডাকছি যেমন ডাকে বিপদগ্রস্ত-দরিদ্র ও অসহায় অন্ধ

بِمَعَاقِدِ الْعِزِّ مِنْ عَرْشِكَ وَبِمَفَاتِيْحِ الرَّحْمَةِ مِنْ كِتَابِكَ

ব্যক্তি। আমি প্রার্থনা করছি তোমার আরশের অসিলায় যেখানে সম্মান সমাগম। তোমার

وَبِالْاَسْمَآءِ الثَّمَانِيَةِ الْمَكْتُوْبَةِ عَلٰى قَرْنِ الشَّمْسِ اَنْ تَجْعَلَ

কিতাবের রহমতের খাজানার চাবিসমূহের অসিলায় এবং তোমার ওই আটটি নামের

الْقُرْاٰنَ رَبِيْعَ قَلْبِيْ وَجِلَآءَ حُزْنِيْ، رَبَّنَآ اٰتِنَا فِي الدُّنْيَا (كَذَا وَكَذَا)

অসিলায় প্রার্থনা করছি যা সূর্যের গায়ে লিখিত। কুরআনের মাধ্যমে আমার অন্তর

(تنـــزيه الشريعة لمرفوعة، ٢: ٣٣٠)

আলোকিত করে দাও। আমার দুঃখ-কষ্ট দূর করে দাও। হে আমাদের পালকর্তা! আমাদেরকে দুনিয়াতে দান করো (এখানে নিজের প্রয়োজনীয় দু'আ করবে)।

(٢) يَا مُؤْنِسَ كُلِّ وَحِيْدٍ وَّيَا صَاحِبَ كُلِّ فَرِيْدٍ وَّيَا قَرِيْبًا غَيْرَ

হে প্রত্যেক একা মানুষের বন্ধু! হে প্রত্যেক একা মানুষের সঙ্গী! হে নিকটবর্তী, দূরবর্তী

بَعِيْدٍ وَّيَا شَاهِدًا غَيْرَ غَآئِبٍ وَّيَا غَالِبًا غَيْرَ مَغْلُوْبٍ، يَا حَيُّ يَا قَيُّوْمُ

নয়। হে উপস্থিত, অনুপস্থিত নয়। হে জয়ী, পরাজয়ী নয়। হে চিরঞ্জীব! হে চিরস্থায়ী!

يَا ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ! (كنـــز العمال، ٢: ٦٩٣)

হে সম্মানিত ও দয়ালু!

(٣) يَا نُوْرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَا زَيْنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَا جَبَّارَ

হে আসমান ও জমিনের নূর! হে আসমান ও জমিনের সৌন্দর্য্য! হে আসমান ও

السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَا عِمَادَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَا بَدِيْعَ السَّمٰوٰتِ

জমিনের শক্তিশালী মালিক! হে আসমান ও জমিনের স্থিরকারী! হে আসমান-জমিন

وَالْاَرْضِ يَا قَيَّامَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَا ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ يَا

সৃষ্টিকারী! হে আসমান-জমিনের প্রতিষ্ঠাতা! হে সম্মানিত ও দয়ালু! হে ফরিয়াদকারীদের

صَرِيْخَ الْمُسْتَصْرِخِيْنَ وَمُنْتَهَى الْعَآئِذِيْنَ وَالْمُفَرِّجَ عَنِ

সাহায্যকারী! আশ্রয় গ্রহণকারীদের শেষ আশ্রয়স্থল! বিপদগ্রস্তদের বিপদ দূরকারী!

الْمَكْرُوْبِيْنَ وَالْمُرَوِّحَ عَنِ الْمَغْمُوْمِيْنَ وَمُجِيْبَ دُعَآءِ الْمُضْطَرِّيْنَ

দুশ্চিন্তাকারীদের শান্তিদাতা! অসহায়দের দু'আ কবুলকারী! হে দুঃখ-কষ্ট দূরকারী! হে

وَيَا كَاشِفَ الْكُرَبِ يَآ اِلٰهَ الْعَالَمِيْنَ وَيَآ اَرْحَمَ الرَّاحِمِيْنَ مَنْزُوْلٌ

জগতসমূহের মা'বূদ! হে সবচেয়ে বড় দয়ালু! আমি সমস্ত সমস্যা তোমার সামনে পেশ

بِكَ كُلُّ حَاجَةٍ (مجمع الزوائد، ١٠: ١٧٩)

করেছি।

(٨) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِوَجْهِكَ الْكَرِيْمِ وَبِاسْمِكَ الْعَظِيْمِ مِنَ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই তোমার সম্মানিত চেহারা ও মহান নামের

الْكُفْرِ وَالْفَقْرِ (الجامع الصغير، ٢: ٢٠٢)

অসিলায় কুফরী ও দারিদ্রতা থেকে।

(٩) اَللّٰهُمَّ قِنِيْ شَرَّ نَفْسِيْ وَاعْزِمْ لِيْ عَلٰٓى اَرْشَدِ اَمْرِيْ

(مسند احمد، ٥: ٦١٥)

হে আল্লাহ! আমাকে আমার প্রবৃত্তির অনিষ্ট থেকে রক্ষা করো এবং আমাকে হেদায়েতের কাজ করার হিম্মত দান করো।

(١٠) اَللّٰهُمَّ لَا تَكِلْنِيْٓ اِلٰى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ وَّلَا تَنْزِعْ مِنِّيْ صَالِحَ

হে আল্লাহ! এক মুহূর্তের জন্যও আমাকে আমার প্রবৃত্তির কাছে ন্যস্ত করো না। আমাকে

مَآ اَعْطَيْتَنِيْ فَاِنَّهٗ لَا نَازِعَ لِمَآ اَعْطَيْتَ وَلَا يَعْصِمُ ذَا الْجَدِّ

যেসব উত্তম জিনিস দান করেছ তা ছিনিয়ে নিও না। কেননা তুমি যা দান কর তা কেউ ছিনিয়ে নিতে পারে না। কোনো সম্পদশালীকে তার সম্পদ তোমার থেকে রক্ষা করতে

مِنْكَ الْجَدُّ

পারে না।

(١١) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ غِنَى الْاَهْلِ وَالْمَوْلٰى وَاَعُوْذُ بِكَ اَنْ يَّدْعُوَ

হে আল্লাহ! আমি তোমার কাছে আমার পরিবার ও আত্মীয়-স্বজনদের সচ্ছলতা চাই।

عَلَيَّ رَحِمٌ قَطَعْتُهَا (المعجم الكبير، ٥: ١٣١)

আর তোমার কাছে আশ্রয় চাই আমার ছিন্নকৃত আত্মীয়দের বদদু'আ থেকে।

(١٢) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ نَفْسًا بِكَ مُطْمَئِنَّةً تُؤْمِنُ بِلِقَآئِكَ

হে আল্লাহ! আমি তোমার কাছে তোমার প্রতি আস্থাশীল নফস চাই। যে নফস তোমার

وَتَرْضٰى بِقَضَآئِكَ وَتَقْنَعُ بِعَطَآئِكَ (المعجم الكبير، ٨: ٩٩)

সাক্ষাতে বিশ্বাস রাখে। তোমার ফায়সালার প্রতি সন্তুষ্ট থাকে। তোমার দানে পরিতৃপ্ত হয়।

(٤) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ مَّوْتِ الْهَمِّ وَاَعُوْذُ بِكَ مِنْ مَّوْتِ

হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই দুশ্চিন্তার মৃত্যু থেকে। আশ্রয় চাই বিপদের

الْغَمِّ، اَعُوْذُ بِكَ مِنَ الْجُوْعِ فَاِنَّهٗ بِئْسَ الضَّجِيْعُ، وَاَعُوْذُ بِكَ مِنَ

মৃত্যু থেকে। আশ্রয় চাই ক্ষুধা থেকে। কেননা ক্ষুধা খুব খারাপ সঙ্গী। আশ্রয় চাই

الْخِيَانَةِ فَاِنَّهَا بِئْسَتِ الْبِطَانَةُ (كنز العمال، ٢: ٢٠٥)

খেয়ানত থেকে। কেননা খেয়ানত একটি মন্দ স্বভাব।

(٥) اَللّٰهُمَّ اجْعَلْ سَرِيْرَتِيْ خَيْرًا مِّنْ عَلَانِيَتِيْ وَاجْعَلْ عَلَانِيَتِيْ

হে আল্লাহ! বাহিরের চেয়ে আমার ভিতরকে সুন্দর করে দাও। আর আমার বাহিরকেও

صَالِحَةً، اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ مِنْ صَالِحِ مَا تُؤْتِي النَّاسَ مِنَ الْمَالِ

শুদ্ধ করে দাও। হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করি মানুষদেরকে যে সম্পদ,

وَالْاَهْلِ وَالْوَلَدِ غَيْرَ ضَآلٍّ وَّلَا مُضِلٍّ (الترمذى، ٢: ١٩٩)

স্ত্রী ও সন্তান দান করেছ তার উত্তমগুলো আমাকে দান করো যা পথভ্রষ্ট ও পথভ্রষ্টকারী নয়।

(٦) اَللّٰهُمَّ اجْعَلْنَا مِنْ عِبَادِكَ الْمُنْتَخَبِيْنَ الْغُرِّ الْمُحَجَّلِيْنَ

হে আল্লাহ! আমাদেরকে তোমার নির্বাচিত, নূরানী চেহারা ও উজ্জ্বল হাত-পা বিশিষ্ট

الْوَفْدِ الْمُتَقَبَّلِيْنَ (مسند احمد، ٤: ٤٥٠)

বান্দাদের ও মাকবুল জামাআতের অন্তর্ভুক্ত করো।

(٧) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ اَنْ اُشْرِكَ بِكَ شَيْئًا وَّاَنَا اَعْلَمُ بِهٖ

হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই আমার জানা সত্ত্বেও তোমার সাথে কাউকে

وَاَسْتَغْفِرُكَ لِمَا لَآ اَعْلَمُ بِهٖ

শরীক করা থেকে। আর আমি তোমার কাছে ক্ষমা চাই যা আমি জানি না।

(١٣) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَنْ يَّمْشِىْ عَلٰى بَطْنِهٖ وَمِنْ شَرِّ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই পেটের উপর ভর করে চলে, দুই পায়ের উপর

مَنْ يَّمْشِىْ عَلٰى رِجْلَيْنِ وَمِنْ شَرِّ مَنْ يَّمْشِىْ عَلٰٓى اَرْبَعٍ (كنز العمال، ٢: ٢٠٨)

চলে এবং চার পায়ের উপর চলে এমন সব প্রাণীর ক্ষতি থেকে।

(١٤) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ اِمْرَاَةٍ تُشَيِّبُنِىْ قَبْلَ الْمَشِيْبِ

হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই এমন স্ত্রী থেকে যে বার্ধক্যের পূর্বেই

وَاَعُوْذُ بِكَ مِنْ وَّلَدٍ يَّكُوْنُ عَلَىَّ وَبَالًا وَّاَعُوْذُ بِكَ مِنْ مَّالٍ يَّكُوْنُ

আমাকে বৃদ্ধ করে দিবে। এমন সন্তান থেকে আশ্রয় চাই যে আমার জন্য বিপদ হবে।

عَلَىَّ عَذَابًا وَّاَعُوْذُ بِكَ مِنْ صَاحِبِ خَدِيْعَةٍ اِنْ رَّاٰى حَسَنَةً دَفَنَهَا

এমন সম্পদ থেকে আশ্রয় চাই যা আমার আযাবের কারণ হবে। এমন প্রতারক বন্ধু

وَاِنْ رَّاٰى سَيِّئَةً اَفْشَاهَا

থেকে আশ্রয় চাই যে আমার ভালো দেখলে গোপন রাখে আর মন্দ দেখলে প্রচার করে।

(١٥) اَللّٰهُمَّ اِنَّكَ تَعْلَمُ سِرِّىْ وَعَلَانِيَتِىْ فَاقْبَلْ مَعْذِرَتِىْ وَتَعْلَمُ

হে আল্লাহ! তুমি আমার গোপন ও প্রকাশ্য সকল বিষয় জান। সুতরাং আমার ওজর

حَاجَتِىْ فَاَعْطِنِىْ سُؤْلِىْ وَتَعْلَمُ مَا فِىْ نَفْسِىْ فَاغْفِرْ لِىْ ذُنُوْبِىْ،

কবুল করো। তুমি আমার প্রয়োজন জান। সুতরাং তা আমাকে দান করো। তুমি আমার অন্তরের অবস্থা জান। সুতরাং আমার গুনাহ মাফ করে দাও। হে আল্লাহ! আমি তোমার

اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ اِيْمَانًا يُّبَاشِرُ قَلْبِىْ وَيَقِيْنًا صَادِقًا حَتّٰى اَعْلَمَ

কাছে এমন ঈমান চাই যা আমার অন্তরে বসে যায়। আর সত্য বিশ্বাস চাই যাতে আমি

اَنَّهٗ لَا يُصِيْبُنِىْٓ اِلَّا مَا كَتَبْتَ لِىْ وَرِضًا بِمَا قَسَمْتَ لِىْٓ اِنَّكَ عَلٰى كُلِّ

এ বিশ্বাস করতে পারি যে, শুধু তোমার পক্ষ থেকে ফায়সালকৃত বিপদাপদই আমার কাছে পৌঁছবে এবং তোমার বণ্টনের উপর সন্তুষ্টি কামনা করি। নিশ্চই তুমি সবকিছুর

شَىْءٍ قَدِيْرٌ (المعجم الاوسط، ٤: ٢٧٥)

উপর ক্ষমতাশীল।

(١٦) اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ حَمْدًا دَآئِمًا مَّعَ دَوَامِكَ وَلَكَ الْحَمْدُ

হে আল্লাহ! তোমার স্থায়ীত্বের মতো সর্বকালের ও সমস্ত প্রশংসা তোমার জন্য। তোমার

حَمْدًا خَالِدًا مَّعَ خُلُوْدِكَ وَلَكَ الْحَمْدُ حَمْدًا لَّا مُنْتَهٰى لَهٗ دُوْنَ

চিরস্থায়ীত্বের মতো অফুরন্ত ও সমস্ত প্রশংসা তোমার জন্য। সকল প্রশংসা তোমার জন্য যা তোমার ইচ্ছা ব্যতীত শেষ হবে না। তোমার জন্য সমস্ত ও সর্বকালের প্রশংসা;

مَشِيْٓئَتِكَ وَلَكَ الْحَمْدُ حَمْدًا دَآئِمًا لَّا يُرِيْدُ قَآئِلُهٗٓ اِلَّا رِضَاكَ وَلَكَ

প্রশংসাকারী শুধু তোমার সন্তুষ্টি চায়। প্রত্যেক চোখের পলক ও প্রাণীর শাস-প্রশ্বাস

الْحَمْدُ حَمْدًا عِنْدَ كُلِّ طَرْفَةِ عَيْنٍ وَّتَنَفُّسِ كُلِّ نَفْسٍ

নেওয়া পরিমাণ তোমার প্রশংসা।

(١٧) اَللّٰهُمَّ اَقْبِلْ بِقَلْبِىْٓ اِلٰى دِيْنِكَ وَاحْفَظْ مِنْ وَّرَآئِنَا بِرَحْمَتِكَ

(مسند ابى يعلى، ص ٦٦٩)

হে আল্লাহ! আমার অন্তরকে তোমার দ্বীনের দিকে ঝুকিয়ে দাও। আমাদের অনুপস্থিতিতে তোমার রহমত দ্বারা আমাদের হেফাযত করো।

(١٨) اَللّٰهُمَّ ثَبِّتْنِىْٓ اَنْ اَزِلَّ وَاهْدِنِىْٓ اَنْ اَضِلَّ

হে আল্লাহ! আমাকে অবিচল রাখো যাতে আমার পদস্খলন না হয়। আমাকে হেদায়েত দাও যাতে আমি পথভ্রষ্ট না হই।

(١٩) اَللّٰهُمَّ كَمَا حُلْتَ بَيْنِىْ وَبَيْنَ قَلْبِىْ فَحُلْ بَيْنِىْ وَبَيْنَ

হে আল্লাহ! তুমি যেমন আমার ও আমার অন্তরের মাঝে অন্তরায় তেমন আমার এবং

الشَّيْطَانِ وَعَمَلِهٖ

শয়তান ও তার কর্মের মাঝে অন্তরায় হয়ে যাও।

(٢٠) اَللّٰهُمَّ ارْزُقْنَا مِنْ فَضْلِكَ وَلَا تَحْرِمْنَا رِزْقَكَ وَبَارِكْ لَنَا

হে আল্লাহ! তোমার অনুগ্রহে আমাদেরকে রিযিক দান করো। আমাদেরকে রিযিক থেকে

فِيْمَا رَزَقْتَنَا وَاجْعَلْ غِنَآءَنَا فِيْ اَنْفُسِنَا وَاجْعَلْ رَغْبَتَنَا

বঞ্চিত করো না। আমাদেরকে তোমার প্রদত্ত রিযিকে বরকত দান করো। আমাদেরকে অন্তরের প্রাচুর্য দান করো। তোমার কাছে যে নেয়ামত রয়েছে তার প্রতি আমাদের

فِيْمَا عِنْدَكَ

আগ্রহ সৃষ্টি করে দাও।

(٢١) اَللّٰهُمَّ اِنَّكَ خَلَّاقٌ عَظِيْمٌ اِنَّكَ سَمِيْعٌ عَلِيْمٌ اِنَّكَ غَفُوْرٌ

হে আল্লাহ! তুমি মহান সৃষ্টিকারী। তুমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ। তুমি ক্ষমাশীল ও অতি

رَّحِيْمٌ اِنَّكَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ، اَللّٰهُمَّ اِنَّكَ الْبَرُّ الْجَوَادُ

দয়ালু। তুমি মহান আরশের মালিক। হে আল্লাহ! তুমি পরম উপকারী, বড় দাতা ও

الْكَرِيْمُ اغْفِرْ لِيْ وَارْحَمْنِيْ وَعَافِنِيْ وَارْزُقْنِيْ وَاسْتُرْنِيْ وَاجْبُرْنِيْ

দয়ালু। আমাকে মাফ করে দাও। আমার প্রতি দয়া করো। আমাকে ক্ষমা করো। আমাকে রিযিক দান করো। আমার দোষ গোপন রাখো। আমার সংশোধন করে দাও।

وَارْفَعْنِيْ وَاهْدِنِيْ وَلَا تُضِلَّنِيْ وَاَدْخِلْنِي الْجَنَّةَ بِرَحْمَتِكَ يَآ اَرْحَمَ

আমার মর্যাদা বৃদ্ধি করে দাও। আমাকে হেদায়েত দাও। আমাকে পথভ্রষ্ট করো না।

الرَّاحِمِيْنَ (كنز العمال، ٢: ٦٩٥)

তোমার রহমতে আমাকে জান্নাতে প্রবেশ করাও। হে সবচেয়ে বড় দয়ালু!

(٢٢) اِلَيْكَ رَبِّ فَحَبِّبْنِيْ وَفِيْ نَفْسِيْ لَكَ فَذَلِّلْنِيْ وَفِيْ اَعْيُنِ النَّاسِ

হে আমার প্রতিপালক! আমাকে তোমার দৃষ্টিতে প্রিয় করে নাও। তুমি নিজের জন্য আমাকে আমার দৃষ্টিতে ছোট রাখো এবং মানুষের দৃষ্টিতে আমাকে বড় বানিয়ে দাও।

فَعَظِّمْنِيْ وَمِنْ سَيِّئِ الْاَخْلَاقِ فَجَنِّبْنِيْ (كنز العمال، ٢: ٦٨٨)

খারাপ চরিত্র থেকে আমাকে দূরে রাখো।

(٢٣) اَللّٰهُمَّ اِنَّكَ سَاَلْتَنَا مِنْ اَنْفُسِنَا مَا لَا نَمْلِكُهٗٓ اِلَّا بِكَ فَاَعْطِنَا

হে আল্লাহ! তুমি আমাদের কাছে ওই জিনিস চেয়েছ আমরা যার মালিক নই তোমার

مِنْهَا مَا يُرْضِيْكَ عَنَّا (الجامع الصغير، ١: ١٨٦)

সাহায্য ব্যতীত। আমাদেরকে এমন আমল দান করো যাতে তুমি সন্তুষ্ট হও।

(٢٤) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ اِيْمَانًا دَآئِمًا وَّاَسْئَلُكَ قَلْبًا خَاشِعًا

হে আল্লাহ! আমি তোমার কাছে চাই স্থায়ী ঈমান। তোমার কাছে চাই ভীত অন্তর।

وَّاَسْئَلُكَ يَقِيْنًا صَادِقًا وَّاَسْئَلُكَ دِيْنًا قَيِّمًا وَّاَسْئَلُكَ الْعَافِيَةَ مِنْ

তোমার কাছে চাই সত্য বিশ্বাস। তোমার কাছে চাই মজবুত দ্বীন। তোমার কাছে চাই

كُلِّ بَلِيَّةٍ وَّاَسْئَلُكَ دَوَامَ الْعَافِيَةِ وَاَسْئَلُكَ الشُّكْرَ عَلَى الْعَافِيَةِ

প্রত্যেক বিপদাপদ থেকে নিরাপত্তা। তোমার কাছে চাই আমাকে সর্বদা সুখে-শান্তিতে রাখায় তোমার শুকরিয়া জ্ঞাপনের তাওফীক এবং তোমার কাছে আরও চাই মানুষের

وَاَسْئَلُكَ الْغِنٰى عَنِ النَّاسِ (كنز العمال، ٢: ٦٧٨)

থেকে অমুখাপেক্ষীতা।

(٢٥) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ بَطَرِ الْغِنٰى وَمَذَلَّةِ الْفَقْرِ، يَا مَنْ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই সম্পদের অহংকার ও দারিদ্রতার লাঞ্ছনা থেকে।

وَّعَدَ فَوَفّٰى وَاَوْعَدَ فَعَفَا، اِغْفِرْ لِمَنْ ظَلَمَ وَاَسَآءَ، يَا مَنْ يَّسُرُّهٗ

হে ওই সত্তা যিনি ওয়াদা করে পুরা করেছ। আযাবের কথা বলে ক্ষমা করেছ। ওই ব্যক্তিকে মাফ করে দাও যে জুলুম করেছে এবং অন্যায় করেছে। হে ওই সত্তা আমার

طَاعَتِيْ وَلَا تَضُرُّهٗ مَعْصِيَتِيْ هَبْ لِيْ مَا يَسُرُّكَ وَاغْفِرْ لِيْ مَا لَا

আনুগত্য যাকে খুশি করে এবং আমার নাফরমানী যার কোনো ক্ষতি করে না। আমাকে ওই জিনিস দান করো যা তোমাকে খুশি করে। আমাকে ক্ষমা করে দাও তোমাকে যে

يَضُرُّكَ (مسند الفردوس للديلمي، ١: ٤٦٠)

জিনিস ক্ষতি করে না।

(٢٦) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنَ الشَّكِّ فِي الْحَقِّ بَعْدَ الْيَقِيْنِ وَاَعُوْذُ

হে আল্লাহ! তোমার আশ্রয় চাই সত্যের বিষয়ে বিশ্বাস করার পর সন্দেহ করা থেকে।

بِكَ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ وَاَعُوْذُ بِكَ مِنْ شَرِّ يَوْمِ الدِّيْنِ

(كنــز العمال، ٢: ٢١٣)

তোমার আশ্রয় চাই বিতাড়িত শয়তান থেকে। তোমার আশ্রয় চাই কেয়ামতের দিনের ক্ষতি থেকে।

(٢٧) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْتَغْفِرُكَ لِمَا تُبْتُ اِلَيْكَ مِنْهُ ثُمَّ عُدْتُّ فِيْهِ

হে আল্লাহ! আমি ক্ষমা চাই ওই গুনাহ থেকে যা তওবা করার পর পুনরায় করে

وَاَسْتَغْفِرُكَ لِمَآ اَعْطَيْتُكَ مِنْ نَّفْسِيْ ثُمَّ لَمْ اُوْفِ لَكَ بِهٖ

ফেলেছি। ক্ষমা চাই ওই গুনাহ থেকে যা আমি তোমাকে ওয়াদা দিয়েদিছলাম কিন্তু তা

وَاَسْتَغْفِرُكَ لِلنِّعَمِ الَّتِيْ تَقَوَّيْتُ بِهَا عَلٰى مَعْصِيَتِكَ وَاَسْتَغْفِرُكَ

পুরা করিনি। ক্ষমা চাই ওই নেয়ামতের জন্য যা আমি তোমার নাফরমানির উপকরণ

لِكُلِّ خَيْرٍ اَرَدْتُّ بِهٖ وَجْهَكَ فَخَالَطَنِيْ فِيْهِ مَا لَيْسَ لَكَ. اَللّٰهُمَّ لَا

বানিয়েছি। ক্ষমা চাই ওই ভালো কাজের জন্য যা তোমার সন্তুষ্টির জন্য শুরু করেছিলাম কিন্তু পরবর্তীতে তোমার সন্তুষ্টি ছাড়া অন্য উদ্দেশ্য করেছি। হে আল্লাহ! আমাকে

تُخْزِنِيْ فَاِنَّكَ بِيْ عَالِمٌ فَلَا تُعَذِّبْنِيْ فَاِنَّكَ عَلَيَّ قَادِرٌ (كنــز العمال، ٢: ٧٠٠)

লাঞ্ছিত করো না। কেননা আমার ব্যাপারে তুমি সবকিছু জান। আমাকে শাস্তি দিও না। কেননা তুমি তো আমার উপর সার্বিকভাবে ক্ষমতাশীল।

(٢٨) اَللّٰهُمَّ اجْعَلْنِيْ مِمَّنْ تَوَكَّلَ عَلَيْكَ فَكَفَيْتَهٗ وَاسْتَهْدَاكَ

হে আল্লাহ! আমাকে তাদের অন্তর্ভুক্ত করো যারা তোমার উপর ভরসা করেছে, তুমি তাদের জন্য যথেষ্ট হয়েছ। যারা তোমার কাছে হেদায়েত চেয়েছে, তুমি তাদেরকে

فَهَدَيْتَهٗ وَاسْتَنْصَرَكَ فَنَصَرْتَهٗ (كنــز العمال، ٢: ٦٩٣)

হেদায়েত দান করেছ। যারা তোমার কাছে সাহায্য চেয়েছে, তুমি তাদের সাহায্য করেছ।

(٢٩) اَللّٰهُمَّ اجْعَلْ وَسَاوِسَ قَلْبِيْ خَشْيَتَكَ وَذِكْرَكَ وَاجْعَلْ

হে আল্লাহ! আমার অন্তরের ওয়াসওয়াসাসমূহ তোমার ভয় ও তোমার যিকিরে পরিণত

هِمَّتِيْ وَهَوَايَ فِيْمَا تُحِبُّ وَتَرْضٰى. اَللّٰهُمَّ مَا ابْتَلَيْتَنِيْ بِهٖ مِنْ

করে দাও। আমার সাহস ও চাহিদাকে তোমার পছন্দনীয় ও সন্তুষ্টির কাজে লাগিয়ে

رَّخَآءٍ وَّشِدَّةٍ فَمَسِّكْنِيْ بِسُنَّةِ الْحَقِّ وَشَرِيْعَةِ الْاِسْلَامِ

(مسند الفردوس للديلمى، ١: ٤٧٤)

দাও। হে আল্লাহ! আমাকে সহজ বা কঠিন যেই বিপদে পতিত করেছ আমাকে সঠিক পথ ও শরীয়তের উপর দৃঢ় রাখো।

(٣٠) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ تَمَامَ النِّعْمَةِ فِي الْاَشْيَآءِ كُلِّهَا وَالشُّكْرَ

হে আল্লাহ! আমি তোমার কাছে চাই সকল প্রকারের পরিপূর্ণ নেয়ামত এবং তার

لَكَ عَلَيْهَا حَتّٰى تَرْضٰى وَبَعْدَ الرِّضَا الْخِيَرَةَ فِيْ جَمِيْعِ مَا يَكُوْنُ

শুকরিয়া জ্ঞাপনের তাওফীক, তোমার সন্তুষ্ট হওয়া পর্যন্ত আর সন্তুষ্ট হওয়ার পরেও। নির্বাচনযোগ্য বিষয়ে আমার জন্য ভালো বস্তু নির্বাচন করে দাও এবং সকল বিষয়ে

فِيْهِ الْخِيَرَةُ وَلِجَمِيْعِ مَيْسُوْرِ الْاُمُوْرِ كُلِّهَا لَا بِمَعْسُوْرِهَا يَا كَرِيْمُ

(كنــز العمال، ٢: ٦٧٣)

সহজ কার্যাবলি নির্বাচন করো, কঠিন কার্যাবলি নয়। হে বড় দয়ালু!

(٣١) اَللّٰهُمَّ فَالِقَ الْاِصْبَاحِ وَجَاعِلَ اللَّيْلِ سَكَنًا وَّالشَّمْسَ

হে আল্লাহ! সকালে আলোদানকারী! রাতে শান্তি দানকারী! সূর্য্য ও চন্দ্রকে হিসাব মতো

وَالْقَمَرَ حُسْبَانًا اِقْضِ عَنِّي الدَّيْنَ وَاَغْنِنِيْ مِنَ الْفَقْرِ وَقَوِّنِيْ عَلَى

চালনাকারী! আমার ঋণ পরিশোধ করে দাও। আমাকে দারিদ্রতা থেকে ধনাঢ্য বানিয়ে

الْجِهَادِ فِيْ سَبِيْلِكَ (مصنف ابن ابى شيبة، ٧: ٢٦)

দাও। তোমার পথে জিহাদ করার শক্তি দাও।

(٣٢) اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ فِيْ بَلَآئِكَ وَصَنِيْعِكَ اِلٰى خَلْقِكَ وَلَكَ

হে আল্লাহ! পরীক্ষায় পতিত করা এবং মাখলুকের সাথে তোমার প্রত্যেক আচরণের

الْحَمْدُ فِيْ بَلَآئِكَ وَصَنِيْعِكَ اِلٰى اَهْلِ بُيُوْتِنَا وَلَكَ الْحَمْدُ فِيْ بَلَآئِكَ

জন্য তোমার প্রশংসা। পরীক্ষায় পতিত করা এবং আমার পরিবারের সাথে তোমার

وَصَنِيْعِكَ اِلٰى اَنْفُسِنَا خَآصَّةً وَّلَكَ الْحَمْدُ بِمَا هَدَيْتَنَا وَلَكَ

প্রত্যেক আচরণের জন্য তোমার প্রশংসা। পরীক্ষায় পতিত করা এবং আমাদের সাথে তোমার প্রত্যেক আচরণের জন্য তোমার প্রশংসা। তোমার প্রশংসা আমাদেরকে

الْحَمْدُ بِمَآ اَكْرَمْتَنَا وَلَكَ الْحَمْدُ بِمَا سَتَرْتَنَا وَلَكَ الْحَمْدُ بِالْقُرْاٰنِ

হেদায়েত দেওয়ার জন্য। তোমার প্রশংসা আমাদেরকে সম্মানিত করার জন্য। তোমার প্রশংসা আমাদের দোষ গোপন রাখার জন্য। তোমার প্রশংসা আমাদেরকে কুনআন দান

وَلَكَ الْحَمْدُ بِالْاَهْلِ وَالْمَالِ وَلَكَ الْحَمْدُ بِالْمُعَافَاةِ وَلَكَ الْحَمْدُ

করার জন্য। তোমার প্রশংসা আমাদেরকে পরিবার ও সম্পদ দান করার জন্য। তোমার

حَتّٰى تَرْضٰى وَلَكَ الْحَمْدُ اِذَا رَضِيْتَ يَآ اَهْلَ التَّقْوٰى وَاَهْلَ

প্রশংসা আমাদেরকে সুস্থ রাখার জন্য। তোমার প্রশংসা তোমার সন্তুষ্ট হওয়ার জন্য এবং সন্তুষ্ট হওয়ার পরেও তোমার জন্য প্রশংসা। হে ওই সত্তা যাকে ভয় করা উচিত এবং

الْمَغْفِرَةِ (كنز العمال، ٢: ٦٩٢)

যার কাছে ক্ষমা প্রার্থনা করা উচিত!

(٣٣) اَللّٰهُمَّ وَفِّقْنِيْ لِمَا تُحِبُّ وَتَرْضٰى مِنَ الْقَوْلِ وَالْعَمَلِ وَالْفِعْلِ

হে আল্লাহ! আমাকে তাওফীক দান করো তোমার পছন্দনীয় ও সন্তোষজনক কথা,

وَالنِّيَّةِ وَالْهُدٰى، اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ (كنز العمال، ٢: ٢٠٩)

আমল, কাজ, নিয়ত ও হেদায়েতের। নিশ্চয় তুমি সবকিছুর উপর ক্ষমতাশীল।

(٣٤) اَللّٰهُمَّ رَبَّ السَّمٰوٰتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيْمِ اَللّٰهُمَّ

হে আল্লাহ! সাত আসমানের রব! মহান আরশের রব! হে আল্লাহ! তুমি যেভাবে এবং

اَكْفِنِيْ كُلَّ مُهِمٍّ مِّنْ حَيْثُ شِئْتَ وَمِنْ اَيْنَ شِئْتَ (كنز العمال، ٢: ١٢٢)

যেখান থেকে চাও আমার সকল সমস্যার জন্য যথেষ্ট হয়ে যাও।

(٣٥) حَسْبِيَ اللّٰهُ لِدِيْنِيْ حَسْبِيَ اللّٰهُ لِمَآ اَهَمَّنِيْ حَسْبِيَ اللّٰهُ لِمَنْ

আমার জন্য আল্লাহই যথেষ্ট আমার দ্বীনের বিষয়ে। আমার জন্য আল্লাহই যথেষ্ট আমার দুশ্চিন্তার বিষয়ে। আমার জন্য আল্লাহই যথেষ্ট যে ব্যক্তি আমার উপর জুলুম করে তার

بَغٰى عَلَيَّ حَسْبِيَ اللّٰهُ لِمَنْ حَسَدَنِيْ حَسْبِيَ اللّٰهُ لِمَنْ كَادَنِيْ بِسُوْٓءٍ

বিপক্ষে। আমার জন্য আল্লাহই যথেষ্ট যে ব্যক্তি আমাকে হিংসা করে তার বিপক্ষে। আমার জন্য আল্লাহই যথেষ্ট যে ব্যক্তি আমার সাথে প্রতারণা করে তার বিপক্ষে। আমার

حَسْبِيَ اللّٰهُ عِنْدَ الْمَوْتِ حَسْبِيَ اللّٰهُ عِنْدَ الْمَسْاَلَةِ فِي الْقَبْرِ

জন্য আল্লাহই যথেষ্ট মৃত্যুর সময়। আমার জন্য আল্লাহই যথেষ্ট কবরে প্রশ্ন করার

حَسْبِيَ اللّٰهُ عِنْدَ الْمِيْزَانِ حَسْبِيَ اللّٰهُ عِنْدَ الصِّرَاطِ حَسْبِيَ اللّٰهُ

সময়। আমার জন্য আল্লাহই যথেষ্ট মীযানের নিকট। আমার জন্য আল্লাহই যথেষ্ট পুলসিরাতের নিকট। আমার জন্য আল্লাহই যথেষ্ট। তিনি ব্যতীত কোনো মা'বূদ নেই।

لَآ اِلٰهَ اِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ (كنز العمال، ٢: ١٥٥)

আমি তাঁরই উপর ভরসা করি। তিনিই মহান আরশের মালিক।

(٣٦) اَللّٰهُمَّ حَبِّبِ الْمَوْتَ اِلٰى مَنْ يَّعْلَمَ اَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا صَلَّى

হে আল্লাহ! ওই ব্যক্তির জন্য মৃত্যুকে প্রিয় বানিয়ে দাও যে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি

اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ رَسُوْلُكَ (الجامع الصغير، ١: ١٨٨)

ওয়া সাল্লামকে তোমার রাসূল বলে বিশ্বাস করে।

(٣٧) اَللّٰهُمَّ اِنَّكَ رَبٌّ عَظِيْمٌ لَّا يَسَعُكَ شَيْءٌ مِمَّا خَلَقْتَ وَاَنْتَ

হে আল্লাহ! তুমি মহান প্রতিপালক। তোমার সৃষ্ট কোনো জিনিস তোমাকে বেষ্টন করতে

تَرٰى وَلَا تُرٰى وَاَنْتَ بِالْمَنْظَرِ الْاَعْلٰى وَاَنَّ لَكَ الْاٰخِرَةَ وَالْاُوْلٰى

পারে না। তুমি সবকিছু দেখ, কিন্তু তোমাকে দেখা যায় না। তুমি সর্বোচ্চ স্থানে

وَلَكَ الْمَمَاتُ وَالْمَحْيَا وَاِلَيْكَ الْمُنْتَهٰى وَالرُّجْعٰى نَعُوْذُ بِكَ اَنْ

অবস্থিত। তোমার জন্যই আখেরাত ও দুনিয়া। তোমার জন্যই জীবন ও মরণ। তোমার কাছেই সবার শেষ সীমা ও প্রত্যাবর্তন। আমরা তোমার কাছে আশ্রয় চাই অপমান ও

نَّذِلَّ وَنَخْزٰى (كنــز العمال، ٢: ٢٠٧)

অপদস্থ হওয়া থেকে।

(٣٨) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ ثَوَابَ الشَّاكِرِيْنَ وَنُزُلَ الْمُقَرَّبِيْنَ

হে আল্লাহ! আমি তোমার কাছে চাই শোকরকারীদের সওয়াব। প্রিয় বান্দাদের

وَمُرَافَقَةَ النَّبِيِّيْنَ وَيَقِيْنَ الصِّدِّيْقِيْنَ وَذِلَّةَ الْمُتَّقِيْنَ وَاِخْبَاتَ

আপ্যায়ন। নবীগণের সঙ্গ। সত্যবাদীদের বিশ্বাস। বুযুর্গদের বিনয়। ঈমানদারদের

الْمُوْقِنِيْنَ حَتّٰى تَوَفَّانِيْ عَلٰى ذٰلِكَ يَآ اَرْحَمَ الرَّاحِمِيْنَ (كنــز العمال، ٢: ٦٣١)

একাগ্রতা। হে সবচেয়ে বড় দয়ালু! আমাকে এসব অবস্থায় মৃত্যু দাও।

(٣٩) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ بِنِعْمَتِكَ السَّابِقَةِ عَلَيَّ وَبَلَآئِكَ الْحَسَنِ

হে আল্লাহ! আমি প্রার্থনা করি আমাকে দেওয়া তোমার পূর্ববর্তী নেয়ামতের অসিলায়।

الَّذِيْ ابْتَلَيْتَنِيْ بِهٖ وَفَضْلِكَ الَّذِيْ فَضَّلْتَ عَلَيَّ اَنْ تُدْخِلَنِيَ الْجَنَّةَ

আমাকে যে উত্তমরূপে পরীক্ষা করেছ তার অসিলায়। আমার উপর কৃত তোমার

بِمَنِّكَ وَفَضْلِكَ وَرَحْمَتِكَ (كنــز العمال، ٢: ٢٠٧)

অনুগ্রহের অসিলায়। তোমার করুণা, অনুগ্রহ ও দয়ায় আমাকে জান্নাতে প্রবেশ করাও।

(٤٠) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ بِوَجْهِكَ الْكَرِيْمِ وَاَمْرِكَ الْعَظِيْمِ اَنْ

হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করি তোমার দয়ালু সত্তা ও মহান হুকুমের

تُجِيْرَنِيْ مِنَ النَّارِ وَالْكُفْرِ وَالْفَقْرِ (كنــز العمال، ٢: ٢٠٧)

অসিলায়। আমাকে জান্নাম, কুফরী ও দারিদ্রতা থেকে রক্ষা করো।

(٤١) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَعُوْذُ بِكَ مِنْ مَّوْتِ الْفُجَآءَةِ وَمِنْ لَّدْغَةِ الْحَيَّةِ

হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই হঠাৎ মৃত্যু থেকে। সাপের দংশন থেকে। হিংস্র

وَمِنَ السَّبُعِ وَمِنَ الْغَرَقِ وَمِنَ الْحَرَقِ وَمِنْ اَنْ اَخِرَّ عَلٰى شَيْءٍ

জন্তু থেকে। পানিতে ডুবে যাওয়া থেকে। আগুনে পুড়ে যাওয়া থেকে। কোনো জিনিসের

وَّمِنَ الْقَتْلِ عِنْدَ فِرَارِ الزَّحْفِ (كنــز العمال، ٢: ٢٠٧)

উপর পড়ে মারা যাওয়া থেকে। সৈন্যদল পালিয়ে যাওয়ার সময় নিহত হওয়া থেকে।

(٤٢) اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ اِيْمَانًا دَآئِمًا وَّهُدًى قَيِّمًا وَّعِلْمًا نَّافِعًا

(كنــز العمال، ٢: ٢٠٨)

হে আল্লাহ! আমি তোমার কাছে চাই চিরস্থায়ী ঈমান, সঠিক দিশা ও উপকারী ইলম।

(٤٣) اَللّٰهُمَّ لَا تَجْعَلْ لِّفَاجِرٍ عِنْدِيْ نِعْمَةً اُكَافِيْهِ بِهَا فِي الدُّنْيَا

হে আল্লাহ! আমার উপর কোনো ফাসেকের অনুগ্রহ রেখো না যার প্রতিদান আমাকে

وَالْاٰخِرَةِ (كنــز العمال، ٢: ٢١١)

দুনিয়া ও আখেরাতে দিতে হবে।

(٤٤) اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ ذَنْبِيْ وَوَسِّعْ لِيْ خُلُقِيْ وَطَيِّبْ لِيْ كَسْبِيْ

হে আল্লাহ! আমাকে ক্ষমা করে দাও। আমার চরিত্র সুন্দর করে দাও। আমার

وَقَنِّعْنِيْ بِمَا رَزَقْتَنِيْ وَلَا تُذْهِبْ طَلَبِيْ اِلٰى شَيْءٍ صَرَّفْتَهٗ عَنِّيْ

(كنــز العمال، ٢: ٦٨٢)

উপার্জনকে পবিত্র করে দাও। তোমার প্রদত্ত রিযিকের প্রতি আমাকে পরিতুষ্টি দান করো। যে জিনিস আমার থেকে দূরে রেখেছ আমার অন্তরে তার কোনো চাহিদা রেখো না।

(٤٥) اَللّٰهُ اَكْبَرُ، اَللّٰهُ اَكْبَرُ، اَللّٰهُ اَكْبَرُ، بِسْمِ اللّٰهِ عَلٰى نَفْسِيْ

আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহর নামের

وَدِيْنِىْ، بِسْمِ اللّٰهِ عَلٰٓى اَهْلِىْ وَمَالِىْ، بِسْمِ اللّٰهِ عَلٰى كُلِّ شَىْءٍ اَعْطَانِىْ

বরকত হোক আমার প্রাণ ও আমার দ্বীনের উপর। আল্লাহর নামের বরকত হোক আমার পরিবার ও আমার মালের উপর। আল্লাহর নামের বরকত হোক আমাকে প্রদত্ত আল্লাহর

رَبِّىْ، بِسْمِ اللّٰهِ خَيْرِ الْاَسْمَآءِ، بِسْمِ اللّٰهِ رَبِّ الْاَرْضِ وَالسَّمَآءِ،

প্রত্যেক জিনিসে। আল্লাহর নামে যা সর্বোত্তম নাম। আল্লাহর নামে যিনি আসমান ও

بِسْمِ اللّٰهِ الَّذِىْ لَا يَضُرُّ مَعَ اِسْمِهٖ دَآءٌ، بِسْمِ اللّٰهِ افْتَتَحْتُ وَعَلَى

জমিনের মালিক। আল্লাহর নামে যার বরকতে কোনো রোগ ক্ষতি করতে পারে না। আল্লাহর নামে আমি শুরু করেছি এবং আল্লাহর উপর আমি ভরসা করেছি। আল্লাহই

اللّٰهِ تَوَكَّلْتُ، اَللّٰهُ اَللّٰهُ رَبِّىْ لَآ اُشْرِكُ بِهٖٓ اَحَدًا، اَللّٰهُمَّ بِخَيْرِكَ مِنْ

আমার রব। তার সাথে কাউকে আমি শরীক করি না। হে আল্লাহ! আমি তোমার

خَيْرِكَ الَّذِىْ لَا يُعْطِيْهِ غَيْرُكَ، عَزَّ جَارُكَ وَجَلَّ ثَنَآؤُكَ وَلَآ اِلٰهَ اِلَّا

কল্যাণের অসীলায় প্রার্থনা করি। এমন কল্যাণ যা তুমি ব্যতীত কেউ দান করতে পারে না। তোমার আশ্রয় গ্রহণের মধ্যেই সম্মান রয়েছে। তোমার প্রশংসা মহিমান্বিত। তুমি

اَنْتَ، اِجْعَلْنِىْ فِىْ عِيَاذِكَ وَجِوَارِكَ مِنْ كُلِّ سُوْٓءٍ وَّمِنَ الشَّيْطَانِ

ব্যতীত কোনো মা'বূদ নেই। আমাকে আশ্রয় দান করো সকল অনিষ্ট থেকে এবং

الرَّجِيْمِ، اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْتَجِيْرُكَ مِنْ جَمِيْعِ كُلِّ شَىْءٍ خَلَقْتَ

বিতাড়িত শয়তান থেকে। হে আল্লাহ! আমি তোমার আশ্রয় চাই তোমার সৃষ্ট সকল

وَاَحْتَرِسُ بِكَ مِنْهُنَّ وَاُقَدِّمُ بَيْنَ يَدَىَّ (كنز العمال، ٢: ٢٢١)

জিনিস থেকে। এগুলোর মোকাবেলায় তোমার হেফাযত চাই এবং এই সূরাটি (ঢালস্বরূপ) সম্মুখে রাখছি।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

॥ পরম করুণাময়, অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি ॥

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ○ اَللّٰهُ الصَّمَدُ ○ لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ○ وَلَمْ يَكُنْ

বলুন, তিনি আল্লাহ, এক। আল্লাহ অমুখাপেক্ষী। তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ

لَّهٗ كُفُوًا اَحَدٌ ○ مِنْ اَمَامِىْ وَمِنْ خَلْفِىْ وَعَنْ يَّمِيْنِىْ وَعَنْ شِمَالِىْ

তাকে জন্ম দেয়নি। এবং তাঁর সমতুল্য কেউ নেই। আমার সামনে। আমার পিছনে।

وَمِنْ فَوْقِىْ وَمِنْ تَحْتِىْ

আমার ডানে। আমার বামে। আমার উপরে। আমার নিচে।

(٤٦) خَلَقْتَ رَبَّنَا فَسَوَّيْتَ وَقَدَّرْتَ رَبَّنَا فَقَضَيْتَ وَعَلٰى عَرْشِكَ

হে আমাদের প্রতিপালক! তুমি সৃষ্টি করেছ, অতঃপর তা সুবিন্যস্ত করেছ। হে আমাদের প্রতিপালক! তুমি তাকদীর সৃষ্টি করেছ, অতঃপর সে অনুযায়ী ফয়সালা করেছ। তুমি

اسْتَوَيْتَ وَاَمَتَّ فَاَحْيَيْتَ وَاَطْعَمْتَ فَاَشْبَعْتَ وَاَسْقَيْتَ فَاَرْوَيْتَ

আরশের উপর সমাসীন হয়েছ। তুমি মৃত্যু দিয়েছ, অতঃপর তুমিই জীবিত করেছ। তুমি আহার করিয়েছ, অতঃপর পরিতৃপ্ত করেছ। তুমি পান করিয়েছ, অতঃপর তৃষ্ণা নিবারণ

وَحَمَلْتَ فِىْ بَرِّكَ وَبَحْرِكَ عَلٰى فُلْكِكَ وَعَلٰى دَوَآبِّكَ وَعَلٰٓى اَنْعَامِكَ

করেছ। তুমি স্থল ও জলে জাহাজ, পশু ও জন্তুর উপর আরোহণ করিয়েছ। আমাকে

فَاجْعَلْ لِّىْ عِنْدَكَ وَلِيْجَةً وَّاجْعَلْ لِّىْ عِنْدَكَ زُلْفٰى وَحُسْنَ مَاٰبٍ

তোমার দরবারে অন্তরঙ্গরূপে কবুল করো। তোমার দরবারে আমাকে নৈকট্য এবং উত্তম

وَّاجْعَلْنِىْ مِمَّنْ يَّخَافُ مَقَامَكَ وَوَعِيْدَكَ وَيَرْجُوْا لِقَآئَكَ

স্থান দান করো। আমাকে তাদের অন্তর্ভুক্ত করো যারা তোমার সামনে দাড়ানো ও

وَاجْعَلْنِىْ مِمَّنْ يَّتُوْبُ اِلَيْكَ تَوْبَةً نَّصُوْحًا وَّاَسْئَلُكَ عَمَلًا مُّتَقَبَّلًا

তোমার শাস্তিকে ভয় পায় এবং তোমার সাক্ষাতের আশাবাদী। আমাকে তাদের অন্তর্ভুক্ত করো যারা তোমার নিকট খাঁটি তওবা করে। আমি তোমার কাছে চাই মাকবুল আমল।

وَّعَمَلًا نَّجِيْحًا وَسَعْيًا مَشْكُوْرًا وَّتِجَارَةً لَّنْ تَبُوْرَ (كنز العمال، ٢: ٢٢٣)

সঠিক ইলম। গ্রহণযোগ্য চেষ্টা এবং লাভবান ব্যবসা।

(٤٧) اَللّٰهُمَّ اِنِّيْٓ اُشْهِدُكَ بِمَا شَهِدْتَّ بِهٖ عَلٰى نَفْسِكَ وَشَهِدَتْ بِهٖ

হে আল্লাহ! আমি তোমাকে সাক্ষি রাখছি যে (তাওহীদের) বিষয়ে তুমি নিজে সাক্ষ্য

مَلٰٓئِكَتُكَ وَاَنْبِيَآءُكَ وَاُولُوا الْعِلْمِ وَمَنْ لَّمْ يَشْهَدْ بِمَا شَهِدْتَّ بِهٖ

দিয়েছ। তোমার সকল ফেরেশতা, নবীগণ ও জ্ঞানীরা সাক্ষ্য দিয়েছে। আর যে ব্যক্তি

فَاكْتُبْ شَهَادَتِيْ مَكَانَ شَهَادَتِهٖ اَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ

তোমার সাক্ষ্য দেয়া বিষয়ে সাক্ষ্য দেয়নি তাহলে তার সাক্ষ্যের পরিবর্তে আমার সাক্ষ্য

تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ ، اَللّٰهُمَّ اِنِّيْٓ اَسْئَلُكَ فِكَاكَ رَقَبَتِيْ

লিখে দাও। তুমি শান্তিদাতা। শান্তি তোমার পক্ষ থেকেই আসে। হে সম্মান ও মর্যাদার

مِنَ النَّارِ (كنز العمال، ٢: ٦٤١)

মালিক! হে আল্লাহ! আমি তোমার কাছে জাহান্নাম থেকে মুক্তি চাই।

(٤٨) اَللّٰهُمَّ اَعِنِّيْ عَلٰى غَمَرَاتِ الْمَوْتِ وَسَكَرَاتِ الْمَوْتِ (الترمذى، ١: ١٩٢)

হে আল্লাহ! মৃত্যুর কষ্ট ও যন্ত্রণার সময় আমাকে সাহায্য করো।

(٤٩) اٰخِرُ دُعَآئِهٖ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَ سَلَّمَ ''اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শেষ দু'আ ছিল ঃ "হে আল্লাহ!

وَارْحَمْنِيْ وَاَلْحِقْنِيْ بِالرَّفِيْقِ الْاَعْلٰى'' (البخارى، ٢: ٨٤٧)

আমাকে ক্ষমা করো। আমার প্রতি দয়া করো। আর আমাকে সর্বশ্রেষ্ঠ বন্ধুর সাথে মিলিত করো।"

(٥٠) سُبْحَانَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ عَمَّا يَصِفُوْنَ ○ وَسَلَامٌ عَلَى

পবিত্র আপনার প্রতিপালকের সত্তা, তিনি সম্মানিত ও পবিত্র যা তারা বর্ণনা করে

الْمُرْسَلِيْنَ ○ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ (الصافات: ١٨٠-١٨٢)

তা থেকে। পয়গম্বরদের প্রতি সালাম বর্ষিত হোক। সমস্ত প্রশংসা বিশ্বপালক আল্লাহর জন্য।

خَاتِمَةٌ فِيْ اَلْفَاظِ الصَّلَاةِ عَلٰى خَاتَمِ النَّبِيِّيْنَ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

শেষ মনযিলটি হলো সর্বশেষ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি দুরূদ

وَاَفْضَلُهَا مَا وَرَدَ عَقِيْبَ التَّشَهُّدِ

সম্পর্কে। দুরূদসমূহের সর্বোত্তম দুরূদ হলো যা নামাযে তাশাহুদের পর পড়া হয়।

— ৭ —

সপ্তম মনযিল (শুক্রবার)

اَلْمَنْزِلُ السَّابِعُ فِيْ يَوْمِ الْجُمُعَةِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

॥ পরম করুণাময়, অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি ॥

(١) اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ كَمَا

হে আল্লাহ! রহমত বর্ষণ করো আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

صَلَّيْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ وَعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ،

ও তাঁর পরিবার-পরিজনের উপর, যেরূপ রহমত বর্ষণ করেছ ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! বরকত

اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰٓى اٰلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ

নাযেল করো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবার-পরিজনের উপর, যেরূপ বরকত নাযেল করেছ ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর।

وَعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ (البخارى، ١: ٤٧٧)

নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত।

(٢) اَللّٰهُمَّ وَتَرَحَّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

হে আল্লাহ! রহমত বর্ষণ করো আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

كَمَا تَرَحَّمْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ وعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ،

ও তাঁর পরিবারের উপর, যেরূপ রহমত বর্ষণ করেছ ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! স্নেহশীল হও

اَللّٰهُمَّ وَتَحَنَّنْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ كَمَا

আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবারের উপর,

تَحَنَّنْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ وَعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ،

যেরূপ স্নেহশীল হয়েছ ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি

اَللّٰهُمَّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ كَمَا

প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! শান্তি বর্ষণ করো আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবারের উপর, যেরূপ শান্তি বর্ষণ করেছ ইবরাহীম আ.

سَلَّمْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ وَعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ

(كنــز العمال، ٢: ٢٧٢)

ও তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত।

(٣) اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ وَاَزْوَاجِهٖ اُمَّهَاتِ

হে আল্লাহ! রহমত বর্ষণ করো আমাদের নেতা উম্মী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি

الْمُؤْمِنِيْنَ وَذُرِّيَّتِهٖ وَاَهْلِ بَيْتِهٖ كَمَا صَلَّيْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ وَعَلٰٓى اٰلِ

ওয়া সাল্লাম, তাঁর পবিত্র স্ত্রীগণ উম্মাহাতুল মুমিনীন, তাঁর সন্তান ও পরিবারের উপর,

اِبْرَاهِيْمَ وَبَارِكْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ النَّبِيِّ الْاُمِّيِّ وَعَلٰٓى اٰلِ سَيِّدِنَا

যেরূপ রহমত বর্ষণ করেছ ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর। আর বরকত নাযেল করো আমাদের নেতা উম্মী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পবিত্র স্ত্রীগণ, তাঁর সন্তান ও পরিবারের উপর, যেরূপ বরকত নাযেল

مُحَمَّدٍ وَّاَزْوَاجِهٖ وَاَهْلِ بَيْتِهٖ وَذُرِّيَّتِهٖ كَمَا بَارَكْتَ عَلٰٓى اِبْرَاهِيْمَ

করেছ ইবরাহীম আ. ও সারা বিশ্বে তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি

وَعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ فِى الْعَالَمِيْنَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ (ابوا داود، ١: ١٤١)

প্রশংসিত ও সম্মানিত।

(٤) اَللّٰهُمَّ اَنْزِلْهُ الْمَقْعَدَ الْمُقَرَّبَ عِنْدَكَ يَوْمَ الْقِيَامَةِ (مسند احمد، ٥: ٨٠)

হে আল্লাহ! মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কেয়ামতের দিন তোমার নিকটবর্তী স্থান দান করো।

(٥) اَللّٰهُمَّ اجْعَلْ صَلَوَاتِكَ وَبَرَكَاتِكَ وَرَحْمَتَكَ عَلٰى سَيِّدِ

হে আল্লাহ! রহমত, বরকত ও অনুগ্রহ নাযেল করো রসূলদের সর্দার, মুত্তাকীদের ইমাম,

الْمُرْسَلِيْنَ وَاِمَامِ الْمُتَّقِيْنَ وَخَاتَمِ النَّبِيِّيْنَ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى

সর্বশেষ নবী, আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তোমার বান্দা

اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَبْدِكَ وَرَسُوْلِكَ اِمَامِ الْخَيْرِ وَقَآئِدِ الْخَيْرِ

ও রসূল, কল্যাণের ইমাম, কল্যাণের নেতা এবং রহমতের রসূল এর উপর। হে আল্লাহ!

وَرَسُوْلِ الرَّحْمَةِ، اَللّٰهُمَّ ابْعَثْهُ مَقَامًا مَّحْمُوْدًا يَّغْبِطُهٗ بِهِ الْاَوَّلُوْنَ

তাঁকে ওই মাকামে মাহমূদ দান করো যা সম্পর্কে পূর্ববর্তী ও পরবর্তী সকলে ঈর্ষা

وَالْاٰخِرُوْنَ (ابن ماجه، ص ٦٥)

করবে।

(٦) اَللّٰهُمَّ اجْعَلْ صَلَوَاتِكَ وَبَرَكَاتِكَ وَرَحْمَتَكَ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

হে আল্লাহ! রহমত, অনুগ্রহ ও বরকত নাযেল করো আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু

وَّعَلٰٓى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا جَعَلْتَهَا عَلٰٓى

আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবার-পরিজনের উপর, যেরূপ তুমি নাযেল করেছ

اِبْرَاهِيْمَ وعَلٰٓى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ (مسند احمد، ٦: ٤٨٤)

ইবরাহীম আ. ও তাঁর পরিবার-পরিজনের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত।

(٧) اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاَبْلِغْهُ

হে আল্লাহ! রহমত বর্ষণ করো আমাদের নেতা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

الْوَسِيْلَةَ وَالدَّرَجَةَ الرَّفِيْعَةَ مِنَ الْجَنَّةِ، اَللّٰهُمَّ اجْعَلْ فِى

এর উপর এবং তাঁকে অসিলা ও জান্নাতের সমুচ্চ মর্যাদা দান করো। হে আল্লাহ!

الْمُصْطَفِيْنَ مَحَبَّتَهٗ وَفِى الْمُقَرَّبِيْنَ مَوَدَّتَهٗ وَفِى الْاَعْلَيْنَ ذِكْرَهٗ

তোমার নির্বাচিত বান্দারের মাঝে তার ভালোবাসা ও তোমার নিকটবর্তী বান্দাদের মাঝে তাঁর বন্ধুত্ব ছড়িয়ে দাও। উঁচু মর্তবাবানদের মাঝে তাঁর আলোচনা চালু করে দাও। তাঁর

وَالسَّلَامُ عَلَيْهِ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهٗ (القول البديع، ص ١٠٦)

উপর তোমার শান্তি, রহমত ও বরকত নাযেল করো।

(٨) اَللّٰهُمَّ دَاحِيَ الْمَدْحُوَّاتِ وَبَارِئَ الْمَسْمُوْكَاتِ وَجَبَّارَ الْقُلُوْبِ

হে আল্লাহ! ভূমি সমতলকারী! উঁচু আসমান সৃষ্টিকারী! হে অন্তরসমূহকে তার শক্ত ও

عَلٰى فِطْرَتِهَا شَقِيِّهَا وَسَعِيْدِهَا اجْعَلْ شَرَآئِفَ صَلَوَاتِكَ وَنَوَامِيَ

নরম স্বভাবের উপর চালনাকারী! নাযেল করো তোমার মহৎ ও বিশেষ রহমত, প্রসারিত

بَرَكَاتِكَ وَرَاْفَةَ تَحَنُّنِكَ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

বরকত এবং তোমার মহৎ অনুগ্রহ আমাদের নেতা, তোমার বান্দা ও রসূল মুহাম্মাদ

عَبْدِكَ وَرَسُوْلِكَ الْخَاتِمِ لِمَا سَبَقَ وَالْفَاتِحِ لِمَآ اُغْلِقَ وَالْمُعْلِنِ

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর। যিনি নবুওয়াতের সমাপ্তকারী। বন্ধ কল্যাণ

الْحَقَّ بِالْحَقِّ وَالدَّامِغِ لِجَيْشَاتِ الْاَبَاطِيْلِ كَمَا حُمِّلَ فَاضْطَلَعَ

উন্মোচনকারী। হক প্রকাশকারী। বাতেলের সৈন্যদেরকে ছিন্নকারী। যেমন তাঁকে দায়িত্ব

بِاَمْرِكَ لِطَاعَتِكَ مُسْتَوْفِرًا فِيْ مَرْضَاتِكَ بِغَيْرِ نِكْلٍ عَنْ قَدَمٍ وَّلَا

দেওয়া হয়েছে তিনি তোমার আদেশে তাদের ছিন্ন করতে প্রস্তুত হয়েছে। তোমার সন্তুষ্টি

وَهْنٍ فِيْ عَزْمٍ وَّاعِيًا لِّوَحْيِكَ حَافِظًا لِّعَهْدِكَ مَاضِيًا عَلٰى نَفَاذِ

অর্জনে বিরতহীন পায়ে দ্রুতগামী। নেই সংকল্পে কোনো অলসতা। তোমার অহী হেফাযতকারী ও তোমার ওয়াদা সংরক্ষণকারী। তোমার হুকুম বাস্তবায়নকারী। তিনি

اَمْرِكَ حَتّٰى اَوْرٰى قَبَسًا لِّقَابِسِ الْاٰءِ اللّٰهِ تَصِلُ بِاَهْلِهَا اَسْبَابُهٗ، بِهٖ

আলো অনুসন্ধানীদের জন্য ইসলামের দিশারী আলোকিত করেছেন। যাতে এর কারণে আল্লাহর নেয়ামত উপযুক্ত ব্যক্তিদের কাছে পৌঁছে যায়। অন্তরসমূহ ফেতনা ও গুনাহে

هُدِيَتِ الْقُلُوْبُ بَعْدَ خَوْضَاتِ الْفِتَنِ وَالْاِثْمِ وَابْهَجَ مُوْضِحَاتِ

জড়িত হওয়ার পর তাঁর অসিলায় হেদায়েত পেয়েছে। তিনি আলোকিত করেছেন

الْاَعْلَامِ وَمُنِيْرَاتِ الْاِسْلَامِ وَنَآئِرَاتِ الْاَحْكَامِ فَهُوَ اَمِيْنُكَ

নির্দশনসমূহ, ইসলামের আলামাতসমূহ ও আলোকিত বিধানসমূহ। তিনি তোমার বড়

الْمَاْمُوْنُ وَخَازِنُ عِلْمِكَ الْمَخْزُوْنِ وَشَهِيْدُكَ يَوْمَ الدِّيْنِ

আমানতদার। তোমার গুপ্ত ইলমের পাহারাদার। কেয়ামতের দিন তোমার সাক্ষি। তিনি

وَبَعِيْثُكَ بَعْثَةً وَّرَسُوْلُكَ بِالْحَقِّ رَحْمَةً، اَللّٰهُمَّ افْسَحْ لَهٗ مَفْسَحًا

তোমার প্রেরিত এবং তোমার সত্য রসূল ও পরিপূর্ণ রহমত। হে আল্লাহ! তোমার

فِيْ عَدْنِكَ وَاجْزِهٖ مُضَاعَفَاتِ الْخَيْرِ مِنْ فَضْلِكَ، مُهَنَّاٰتٍ لَّهٗ غَيْرَ

জান্নাতে তাঁর স্থানকে প্রশস্ত করে দাও। তোমার অনুগ্রহে তাঁকে দ্বীগুণ উত্তম প্রতিদান

